(जानां वाश्ला

নজাব দেশ, এম্বিমো বীব, সোনাব ভাবত, দক্ষিণ আমেবিকায় মাস ক্ষেক, উত্তব আমেবিকাব গভাগুবে প্রভৃতি গম্ম প্রণেতা

शैदिवानाथ हर्ष्डाभाषाय वम. व.,

এফ. আব জি এস (লণ্ডন), এফ আব এস এ (লণ্ডন)

দি বুক কোম্পানী লিমিটেড্ ৪।৩বি, ক**লেজ স্বো**যাব, কলিকাতা। প্ৰকাশক শ্ৰীগিৱীন্দ্ৰনাথ মিত্ৰ দি বুক কোম্পানী লিমিটেড ৪।৩বি, কলেজ স্বোয়ার, কলিকাতা।

মূল্য আট আনা


প্রিণ্টার—শ্রীসমরেন্দ্রভূষণ মন্ত্রিক বাণী **প্রেস** ১৬নং হেমেন্দ্র সেন ষ্ট্রীট্, কলিকাতা।

নীরব-কশ্মী ও নিরাকাজ্জী দেশ-সেবক শ্রীগিরীব্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের কবকমলে শ্রদ্ধার সহিত অর্পিত হইল

সোনার বাংলা

বাংলার রূপ

মায়ের কোল থেকে নেমে ভোমরা মা-টির উপর খেলে বেড়াচ্ছ।
মা ও মাটির মত আপন কেউ নেই। এমন যে মা ও মাটি তাঁ'দের
কথা কার্র না শুন্তে ইচ্ছা করে ? তোমাদের মা-টির সব কথা তোমরা



বাংলা-দেশের পূর্ব্বকালের রাজাদের দরবার-গাডী

জান না। তোমাদের মা-টির নাম বাংলা। বাংলা-দেশ মস্ত বড় জায়গা। এর সব জায়গায় তোমরা যাওনি। হয় ত, যেতেও পার্বে না। অথচ সব জায়গারই কথা জানা থুব উচিত। নিজের দেশের কথা ভাল করে না জান্লে খাঁটি মানুষ হওয়া যায় না। অনেক সময় হয় ত তোমরা ভাব, এত নাম থাক্তৈ তোমাদের দেশের নাম বাংলা দেশ হ'ল কেন ? কেন হ'ল সকলের আগেঁ তা'ই শুনে নাও।

অনেকদিন আগে—যথন হিন্দুদের এদেশ ছিল—বৌদ্ধ, মোসলমান বা খৃষ্টানেরা আসেননি, তথন চন্দ্রবংশ ব'লে এক হিন্দু-বংশের রাজার। এদেশ শাসন কর্তেন। তাঁ'দের একজন রাজার নাম ছিল বঙ্গ। নিজে খেটেখুটে তিনি এদেশের অনেক উন্নতি করেছিলেন। তাঁ'র রাজ্য ব'লে এদেশকে বঙ্গদেশ বলা হয়—সেই হ'তে আজ পর্যাপ্ত: এ নাম চলে আস্ছে। কত রাজা রাজত্ব ক'রে মরে গেছেন, কত ধর্ম্মের লোক শাসন-কর্তা হয়েছেন কিন্তু কেউ সেই হিন্দু রাজা বঙ্গের প্রতিষ্ঠিত রাজ্য বা দেশের নামের কোন পরিবর্ত্তন করেননি। তিনি এত ভাল রাজা ছিলেন যে তাঁ'র নাম লোপ করা কেউ সঙ্গত বোধ করেননি।

যা'রা ভূগোল রচনা করেন, তা'রা অনেকেই বাংলা-দেশের ছবি দেখে অমুমান করেন যে গঙ্গার "ব"-দ্বীপ হচ্ছে এই বাংলা-দেশ। গঙ্গার ব-দ্বীপ ব'লেই হয়ত এ দেশের নাম হয়েছে বাংলা। ভিন্ন ভিন্ন লোকের ভিন্ন ভিন্ন মত। রামায়ণ, মহাভারত, পুরাণেও এসম্বন্ধে নানা মত আছে।


আদিম-অধিবাসী

তোমাদের জানা উচিত যে তোমাদের এই দেশে এখন তোমরা— যা'রা বাস কর্ছ,—তা'দেরই পূর্ব্ব-পুরুষেরা কি বাস কর্তেন অথবা অক্ত কোন লোক থাক্তেন ?

কথাটা বিশেষ ভাব্বার কথাই বটে। এখনও বনে বনে, নানা

জায়গায়, অসভ্যের মত অনেক লোক দেখা যায়। তা'রা হ'চ্ছে এদেশের আদিম-অধিবাসী। সর্ব-প্রথম এখানে তা'রাই বাস কর্ত। তোমরা কেউ কেউ হয়ত সাঁওতালদের দেখে থাক্বে আর তা'দের নাচ-গানও শুনে থাক্বে। এই সাঁওতালদের মত আছে ভীল, কোল ভুইয়া, গারো, গন্দ, হাড়ি, হাজ্ঞা, হো, খরে, খাড়িয়া, কোচ,

কোডমগ্ন মাল. সৌরিয়া, 'মেচ,' মুণ্ডা, তর্নতি, তুরি, টিপরা, কুকি, নাগা প্রভৃতি। ভারী সরল, বেজায় সোজা লোক তা'রা: কোন গোলমাল অথবা কুটিলতা তা'রা জানে না। আদিম-অধিবাসীরা এখন প্রায় না থাকারই মত হয়ে দাঁডাচ্ছে। দিন দিন তা'দের সংখ্যা কমে আসছে।



যুদ্ধের নাচ দেখাতে উত্তত বাংলা-দেশের আদিম অধিবাসী নাগাগণ

যা'রা আছে তা'রা বিদেশী লোকের নানা রকমের প্রলোভনে পড়ে স্ব-ধর্ম ছাড়ছে, বিভিন্ন ভাব ধর্ছে। বাংলা-দেশের সর্বসমেত লোকসংখ্যা কত, তা' জান্তে হয়ত তোমাদের খুব কৌতৃহল হ'চ্ছে। তোমরা বোধ হয় জান যে প্রতি দশ বংসর অন্তর গভর্ণমেন্ট দেশের লোক সংখ্যা গণনা করান। তা'কে বলে আদম-সুমারি বা সেন্সাস্; শেষ লোক সংখ্যা গণনা হ'য়েছে ইং ১৯০১ সালে। তথন সারা বাংলায় স্ত্রীলোক ও পুরুষ ছিল ৫,০১,২২,৩৫০ জন। এখন নিশ্চয়ই অনেক বেড়েছে। বঙ্কিচন্দ্র তা'র আনন্দ মঠের বিখ্যাত গান "বন্দে মাতরমে" বঙ্গের লোকসংখ্যা বলেছিলেন "সাত কোটী"। তথনকার বাংলা ছিল বৃহত্তর বঙ্গ। উড়িয়া ও বিহার ছিল একত্রে।

বাংলার সীমা

তোমাদের বাংলা-দেশ হ'চ্ছে ভারতবর্ষের উত্তর-পূর্বব দিকে। এর উত্তরে হিমালয় পর্ববত, দক্ষিণে বঙ্গোপসাগর, পশ্চিমে বিহার ও উড়িয়া। এবং পূর্বেন আসাম ও ব্রহ্মদেশ।

শুন্লে ত বর্ত্তমান বাংলা-দেশের সীমা ? মানচিত্রে এই দেশটা দেখ্লে তোমরা দেখ্তে পাবে যে উত্তরে যে বিরাট, বিশাল, স্থুদীর্ঘ হিমালর পর্বত আছে, তা'রই পাদদেশ হ'তে বাংলার বিস্তীর্ণ সমতল ভূমি আরম্ভ হ'য়েছে। বাংলা-দেশের আয়তন প্রায় ৮২৯৫৫ বর্গনাইল। উচু, নীচু হিসাবে এ দেশকে তিনভাগে ভাগ করা যেতে পারে। প্রথম ভাগ হ'ছে পার্বত্য-ভূমি; উত্তরে হিমালয়, পূর্বের্ব বিপুরা ও চট্টগ্রাম বা চাটিগার পাহাড় এই শ্রেণীভুক্ত। দ্বিতীয় ভাগ হ'ছে উচ্চ-ভূমি; বর্দ্ধমানের উচ্চ-ভূমিগুলো এবং রাজসাহার বারিন্দ অঞ্চল এই পর্যায় ধরা যেতে পারে। তৃতীয় ভাগ হ'ছে সমতল



ভূমি, উত্তর বঙ্গ হ'তে ক্রমশঃ ভূমি নীচু হ'য়ে বঙ্গোপসাগর পর্যান্ত প্রকাণ্ড সমতল-ভূমি এই শ্রেণীর অন্তভূতি।

তোমরা ত জান যে তোমাদের এই বাংলা-দেশ স্থজলা, স্থফলা ও শস্তশ্যামলা। বল ত, কেন এত শস্ত হয় তোমাদের দেশে ? একটু ভাবলেই বৃঝ্তে পার্বে। ভাল শস্ত হ'তে লাগে ভাল মাটি আর আবশ্যকমত প্রচুর জল। বাংলার উত্তরে হিমালয়ে হয় থ্ব বৃষ্টি। গঙ্গা আর তা'র শাখা—পদ্মা, ভাগীরথী, মধুমতী, 'আড়িয়ালখাঁ, বৃদ্ধপুত্র, যমুনা, মেঘনা, করতোয়া, তিস্তা, আত্রেই, কংসাই, গোমতী, রূপনারায়ণ, দামোদর, স্থবর্ণবিখা, কর্ণফুলি প্রভৃতি নদীর জলে বাংলা-দেশ হ'য়েছে স্থজলা, কাজেই যথেষ্ট শস্ত জন্মে। বাংলা-দেশের মাটি ভারী উর্বরা প্রায় সব জায়গাতেই রয়েছে পলিমাটি। একটা গল্প বল্ছি শোন। গল্পটা হ'চেছ, বাংলা-দেশে এত পলিমাটি এল কি ক'রে তা'রই কথা।

অনেকদিন আগে বাংলা-দেশ ছিল জলে জলময় আর হিমালয় যুগ যুগান্তর ধরে উঁচু হ'য়ে দাঁড়িয়ে আছে এর উত্তরে। হিমালয়ের ভারী অহঙ্কার। কেবলই উঁচু হ'ছে। বায়ু বা পবন-দেব, যাঁ'কে ভোমরা বল—বাতাস—তাঁ'র গায়ে বেজায় জোর। তিনি হিমালয়ের আম্পর্জা দেখে, মনে মনে ভাব লেন—হিমালয়, তোমার বড্ড অহঙ্কার বেড়েছে, না ? অহঙ্কার দিচ্ছি ভেঙ্গে। কিন্তু হিমালয়ের যে রকমের শক্ত শরীর! কি কর্বেন তিনি ? ফুর্ফুরে বাতাস; তা'হলে কি হয় ? বাতাস হিমালয়ের গায়ে ধাকা মার্তে স্কুরু কর্লেন। ধাকা দিয়ে দিয়ে, ক্রেমে অত যে শক্ত হিমালয়ে তা'কে ভেঙ্গে টুক্রো টুক্রো ক'রে, নুদীর জল দিয়ে সমুদ্রে নিয়ে ফেল্তে লাগ্লেন। নদীগুলোর ভারী কষ্ট

হ'ল—সবারই বুকে সে কি বোঝা! মাঝে মাঝে, সইতে না পেরে, নদীরা রেগে নিজেদের পাড় নিজেরা ভেঙ্গে পাগলীর মত কাণ্ড-কারখানা কর্তে লাগ্ল; এতে কিন্তু একটা মস্ত বড় কাজ হ'য়ে উঠল। হিমালয়-ভাঙ্গা মাটিগুলো ভারী ভাল। ওদের বলে পলিমাটি; সেই মাটি আন্বার ফলে বাংলা-দেশের জল শুকিয়ে যেতে লাগ্ল আর অনেক জায়গা ভরে উঠে, স্থল হ'য়ে গেল! সেই স্থলে, সেই স্থলর মাটিতে ফল্তে থাক্ল যত সব স্থলর স্থলর শস্তা, ফ্ল-ফল্, গাছ-পালা, লতা-পাতা। বৃষ্টি হ'য়ে, নদীর জল উঠে, বাংলা-দেশ বিচিত্র এক উর্বর দেশ হ'য়ে দাড়াল। অতি সহজে, খুব কম পরিশ্রামে, এখানে হ'তে লাগ্ল ভারে ভারে শস্তা। কৃষকেরা তা'দের ছোট্ট ফাল দিয়ে, খুর্-খুর্ ক'রে এক আধটু হাল চালাতেই তা'দের গোলা, মরাই পূর্ণ হ'তে থাক্ল।

ৰাংলার শস্য

বাংলা-দেশের প্রধান শস্ত হ'চ্ছে ধান আর পাট। বাঙ্গালীরা যে ভাত খেতে বেশী ভালবাসে তা'ত তোমরা জান। এইজন্ম অনেক ধানের দরকার। অধিকাংশ লোকে, বেশীর ভাগ জায়গায় বোনে ধান, তারপর পাট। পৃথিবীর আর কোনও দেশে এত পাট জন্মে না। মৃগ, মস্ত্র, ছোলা, খেসারী, মটর, কলাই প্রভৃতি ডাল, সরিষা, খেজুর, তামাক, তুলা, চা, আলু প্রভৃতিতে বাংলা-দেশ পরিপূর্ণ। কৃষিজ অজন্র শস্ত, ফল-মূল ছাড়া বাংলার পশ্চিমে প্রচুর খনিজ-দ্রব্য জন্মে। আসানসোল ও রাণীগঞ্জের কয়লা এবং বরাকরের লোহা সত্য-সত্যই বাংলার দামী সম্পদ। মাঠে-মাঠে, গ্রামে-গ্রামে, সহরে-সহরে অজন্ম শস্ত—অফুরস্ক খাতা।

এত শস্ত, এত খাত্ত-জিনিষ, এত স্থন্দর স্থন্দর ফল-ফুল, নানা কাজের গাছ-পালা, লতা-পাতা একই দেশে ও একত্রে বাংলা-দেশ ছাড়া আর কোথাও বড় দেখা যায় না। কোন দেশের লোক এত স্থলভে, এত সহজে ও এমনভাবে জীবন-যাত্রা নির্ববাহ কর্তে পারে না ব'লে আমাদের দেশকে কবিরা বলেন, "সোলাল্ল আহ্লাহেন" এই সোনার বাংলাকে উদ্দেশ্য ক'রেই কবি গেয়েছেন—

"আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি, চিরদিন তোমার আকাশ তোমার বাতাস আমার প্রাণে বাজায় বাঁশী!"

বিভক্ত-বাংলা

কাজ-কর্মের স্থবিধার জন্ম বাংলা-দেশকে চার ভাগে ভাগ করে নেওয়া হ'য়েছে। তা'দের নাম দেওয়া হ'য়েছে—পূর্ব্ব-বঙ্গ, পশ্চিম-বঙ্গ, উত্তর-বঙ্গ ও মধ্য-বঙ্গ। এই চারি বঙ্গে আটাশটী জেলা আছে। এই জেলা কয়টীতে পাঁচ কোটীর কিছু উপর লোকের বাস। তা'রা সকলে একই প্রকৃতি-সম্পন্ন এবং প্রায়ই এক ভাষাভাষী। পৃথিবীর কোথায়ও এমনটী বড় দেখা যায় না। বাংলা-দেশের প্রাকৃতিক দৃশ্যও প্রায় এক রকম।

একটা মজার কথা শুনে তোমরা নিশ্চয় হাস্বে। আচ্ছা, বল ত তোমাদের এক এক জনের গায়ের রং এক এক রকম কেন ? কোন দেশে ত এমন দেখা যায় না। সাহেব-মেমদের দেখেছ ত, তাঁরা একেবারে শাদা। নিগ্রোরা একেবারে আবলুস্ কাঠের মত কালো। আমেরিকার রেড্-ইণ্ডিয়ানদের রং তামার মত লাল। আরবদেশের লোক সব এক রংয়ের। ইহুদীরা সব একরঙ্গা, কিন্তু তোমাদের এক এক জনের এক এক প্রকার রং—কেউবা ফর্সা, কেউবা কালো, কেউবা শ্রাম-বর্ণ আর কেউবা তামাটে রংয়ের।



বাংলা-দেশের পল্লীগ্রাম

এ সব হচ্ছে আমাদের—বাঙ্গালীদের—ভারতবাসীদের একটা বিশেষত্ব; অহ্য কোন দেশে এমনটি আছে ব'লে শোনা যায় না। আমাদের—বাঙ্গালীদের—মত নানা ধরণের পোষাক অহ্য কোন দেশের লোক পরে না। তা'রা প্রায়ই এক রকম পোষাক-পরিচ্ছদ ব্যবহার করে।

বাংলা-দেশের লোকদের যে কত রকমের ধর্মমত তা'র ঠিকঠিকানা নেই। কথা বলার ভাষার ভঙ্গী গ্রামে গ্রামেই প্রায় কিছু না
কিছু পৃথক—তা'ছাড়া, এক জেলার লোকের সঙ্গে অহ্য জেলার
লোকের ভাষার ত কথাই নাই—সকলেই বাংলা বলে কিন্তু কী বিচিত্র
পার্থক্য!

"নমোনমো নমঃ, স্থানরী মম জননী বঙ্গভূমি।
গঙ্গার তীর স্থিপ্প সমীর জীবন জুড়ালে তুমি।
অবারিত মাঠ, গগন-ললাট চুমে তব পদধূলি।
ছায়া-সুনিবিড় শান্তির নীড় ছোট ছোট গ্রামগুলি।
পল্লব ঘন আত্র কানন, রাখালের খেলা গেহ।
স্তব্ধ অতল দীঘি-কালোজল, নিশীথ-শীতল স্নেহ।
বুকভরা মধু বঙ্গের বধু জল ল'য়ে যায় ঘরে।
মা বলিতে প্রাণ করে আন্চানু চোখে আসে জল ভরে।"

বাংলা-দেশের বিভাগ

তোমাদের এই বাংলা-দেশের পাঁচটি বিভাগ রয়েছে। এ-গুলোর নাম কি জান ? সে-গুলো হচ্ছে (১) প্রেসিডেন্সি বিভাগ, (২) ঢাকা বিভাগ, (৩) রাজসাহী বিভাগ, (৪) চট্টগ্রাম বিভাগ, (৫) বর্জমান বিভাগ। এই পাঁচ বিভাগের আটাশটী জেলায় ৮৯৫২৫ খানি গ্রাম স্মাছে। গ্রামের লোকদের অনেকের ঘর খড়ের, টিনের ও খোলার। ইটের দালান খুব কম বাড়ীতেই আছে।

বাংলার ভাষা

বাংলা-দেশের লোকেরা বাংলা ভাষাতেই কথা বলেন এবং সেই বাংলার উচ্চারণ-ভঙ্গী এত বিচিত্র যে এক অঞ্চলের বাঙ্গালীর কথা অন্য অঞ্চলের বাঙ্গালী অনেক সময় বুঝ্তে পারে না। পশ্চিম-বঙ্গ, বাঁকুড়া, বীরভূম ইত্যাদি অঞ্চলের লোকের ভাষার মধ্যে বিহার প্রদেশের ব্যবহৃত ভাষার অনেক শব্দ শোনা যায়। চট্টগ্রামের লোকের,ভাষায় শোনা যায় অনেক আরবী শব্দ। পূর্ব্ব-বঙ্গ ও পশ্চিম-বঙ্গের কথার কতই না তারতম্য দেখা যায়! চট্টগ্রামের কথা প্রায়ই বোঝা যায় না। ত্রিপুরা, ঢাকা ও বরিশালের কথা শুনে নদীয়া ও চব্বিশ পরগণার লোক অনেক সময় হাসেন। ময়মনসিংহ সদরের কথা শুনে সেই জেলার টাঙ্গাইল মহকুমার লোক সব বুঝ্তে পারেননা। আবার কথা ভাষা ও লেখা ভাষা পৃথক। ভাষার এই বৈচিত্রও আলোচনার যোগ্য।

বাংলার মানুষ

বাংলার কয়েকটী স্থানের লোকের কথা শুনে তোমরা নিশ্চয়ই খুসী হ'বে। (১) প্রথমেই বল্ছি, পাহাড়ে লোকদের কথা। পাহাড়ে যা'রা বাস করে আমরা তা'দের সাধারণ কথায় পাহাড়িয়া বলি।

বাংলা-দেশে অনেক পাহাড়-পর্বত আছে। আদিম অধিবাসীদের মধ্যে অনেকে এখনও বনে, জঙ্গলে ও পাহড়ে বাস করে। তোমাদের দেশের উত্তরে পর্বতময় ভূটানে ও তা'র নীচে অনেক ভূটিয়া বাস করে। এদের রং ফর্সা, নাক চ্যাপ্টা এবং গায়ে খুব বল। এদের পুরুষদের দাড়ি বা গোঁফ হয় না এবং সাধারণতঃ এরা কোট বা পা-

জামা পরে। বাংলা-দেশের শেষ সীমায় এরা থাকে, কাযেই সব সময় তোমরা এদের দেখতে পাওনা। এদের স্ত্রীলোকেরা ঘাগ্রা বা মোটা



বাংলা-দেশের পার্ববত্য বালিকা কুকিগণ

শাভী এবং জামা পরে। বাঁশ ও পাতার তৈরী এক প্রকার টুপী মাথায় দেয় এবং বন্ম জন্তুর ভয়ে সর্ববদা একখানি ধারাল ভোজালি मक्त तार्थ। এদের মেযেবা কথনও ঘোমটা দেয় না। পুরুষেরা করে কি জান ? পুরুষেরা মেয়েদের অনেক সময় লম্বা বেণী বাঁধে এবং তা'তে তা'দের কেমন অদ্তুত দেখায় তা' তোমরা একবার দেখ্লেই বুঝ্তে পার্বে। ভূটিয়ারা ভূত বিশ্বাস করে এবং ভূতের হাত হ'তে ছেলেমেয়েদের রক্ষা করবার জন্ম তা'দের

গলায় চিতা বাঘের দাঁত পরিয়ে দেয়। ভূটিয়া ও ভূটানী উভয়ে সমানভাবে পরিশ্রম করে। পিঠে ভারী ভারী মাল নিয়ে এবং ঐ মালগুলির সঙ্গে বাধা দড়ির অপর অংশ নিজেদের কপালে বেঁধে এরা অনায়াসে পাহাড়ের এক জায়গা হ'তে অন্য জায়গায় চলে যায়। বল ত ওরা কি খায় ? ওরা তোমাদের মতই ভাত, ডাল ও বনের ফল-মূল, মাংস ও চা খায়। সারাদিন এরা পাহাড়ে পাহাড়ে খুব খাটে এবং সন্ধ্যার পর ঘরে ফিবে গিয়ে নানা রকম আমোদ-আহলাদ করে। এরা প্রায়ই স্নান করে না এরং এজন্য ওদের গায়ে অতিশয় হুর্গন্ধ। ওদের গায়ে এত ময়লা জন্মায় যে সময় সময় উকুনের মত পোকা দেখা দেয়। ভূটিয়া ছেলেমেয়েরা বেশ আনন্দপ্রিয় এবং ভীষণ ফুর্ত্তিবাজ।

এবার (২) বন-জঙ্গলের লোকদের কথা বল্ছি। বাংলা-দেশে অনেকগুলি জঙ্গলি জাত আছে কিন্তু আমরা আরম্ভ কর্ছি সাঁওতালদের



সাঁওতালগণ তীর ছুঁড়্ছে

বিষয়। তোমরা সাঁওতাল পরগণার নাম নিশ্চয়ই শুনে থাক্বে। বাংলা-দেশের অন্তর্গত বীরভূম, বর্জমান প্রভৃতি অঞ্চলেও এদের দলে দলে দেখুতে পাবে। জঙ্গলে বাস কর্লেও এদের মন ভারী সাদা-

সিধে। এরা খুব পরিশ্রমী এবং এদের গায়ের রং খুব কালো। সাঁওতাল পুরুষ ও মেয়েরা ফুল ভালবাসে এবং ফুল দিয়ে সাজে। শরীরে থুব বল এবং স্বাস্থ্য ভাল হওয়ায় এদের রেলের রাস্তার কিম্বা অন্ঠান্য কঠিন কাষ কর্বার জন্ম নিযুক্ত করা হয়। ওরা ভাত, বন্ম জীব-জন্তুর মাংস, সাপ, ব্যাঙ, টিক্টিকি, গিরগিটী, ডানাশৃত্য বোল্তা ও ভীমরুলের বাচ্ছা, যজ্ঞ-ভূমুরের পোকা প্রভৃতি খায়। এমন কি, পাহাড়ে জায়গার 'মটকুড়' ব'লে সোঁদা-মাটীর ছোট ছোট ঢেলাও খেতে এরা বাদ দেয় না। মাদল ও বাঁশী বাজিয়ে সাঁওতালরা নানা ভঙ্গীতে নাচে ও ফুর্ত্তি করে। তীর-ধন্ম নিয়ে এরা শিকার করে এবং এদের প্রায়ই লক্ষ্য ভ্রষ্ট হয় না। ওরা খুব সাহসী ব'লে বাঘ, ভালুক, বন্থ-বরাহ প্রভৃতিকে মোটেই ভয় করে না। এক এক দলে এক এক জন মোডল থাকে, তা'র কথা সকলে শোনে। ভূত-প্রেতে এদের খুব ভয় ও বিশ্বাস। ভূতের উদ্দেশ্যে মোরগ ও শৃকর এরা বলি দেয়। অসভ্য ও অপরিষ্কার ব'লে সাঁওতালরা প্রসিদ্ধ। একবার একখানা কাপড পরলে সেখানা না ছিঁডে যাওয়া পর্য্যন্ত তা'রা বদল করে না। এখন এদের ছু'চার জন কিছু কিছু লেখাপড়া শিখতে আরম্ভ করেছে।

সাঁওতালদের মোরণের লড়াই একটা দেখ্বার মত জিনিষ। তোমাদের সে সম্বন্ধে বোধ হয় কোন ধারণাই নেই। হু'জন সাঁওতাল, হু'টো মোরগ এনে সাম্না-সাম্নি ছেড়ে দেয় এবং তা'দের এমন উত্তেজিত করে যে মোরগ হু'টো রেগে একেবারে যেন পাগলের মত হ'য়ে যায়। তা'বপর লেগে যায় তা'দের ঝগড়া, যুদ্ধ এবং মারামারি। রক্তারক্তি ও একটা পরাস্ত না হওয়া পর্যাস্ত মোরগগুলো লড়াই

হয় তেমনই এই সাঁওতালী মোরগের লড়াই দেখ্বার জন্ম শত শত সাঁওতাল একত্র হয়।

পাহাড় ও বন-জঙ্গলের লোকদের কথা শুন্লে। এবার (৩) সমুজের ধারের লোকদের কথা বল্ছি। তোমরা বোধ হয় জান, তোমাদের দেশের তিন দিকে স্থল আর কেবল দক্ষিণ দিকে জল। এই প্রকাণ্ড জলরাশির নাম বঙ্গোপদাগর। তোমাদের মধ্যে অনেকেই নদী, খাল, বিল ছাড়া বোধ হয় সমুদ্র দেখ্বার স্থযোগ পাওনি। যদি কোন রকমে-এর্কবার সে স্থযোগ হয় তা'হলে দেখ্তে পাবে সেখানে কত জল আর সে জলের উপর দিয়ে কেমন শত শত টেউ খেলে বেড়াচ্ছে। টেউগুলো এসে স্থলে—তীরে আঘাত কর্ছে। এই স্থলভাগকে বলে উপকূল। তোমাদের দেশের দক্ষিণ ও দক্ষিণ-পূর্বর দিক এই উপকূল-ভাগের অন্তর্গত।

বল ত, তোমাদের দেশের দক্ষিণ উপকৃলকে কি বলে ? স্থানর-বনের নাম শুনেছ ? এ সেই স্থানর-বন। স্থানর-বন জঙ্গলে পরিপূর্ণ। সেখানে কত বড় বড় সব স্থানরী গাছ! আরও কত রকমের গাছ জঙ্গলটাকে অন্ধকার ক'রে রেখেছে। আজকাল স্থানে স্থানে আবাদ হ'লেও এখনও যা' জঙ্গল রয়েছে তা' দেখ্লে ভয় হয়।

সমূত্রের বড় বড় শাখা স্থানর-বনের স্থানে স্থানে ঢুকে পড়েছে। এই বনে বড় বড়ও ভয়ন্ধর 'রয়েল বেঙ্গল টাইগার' বা বাংলার নিজস্ব বাঘ প্রায় সব সময়েই ঘূরে বেড়ায়। স্থানে স্থানে মারাত্মক বড় বড় সাপ, কুমীর প্রভৃতিও দেখতে পাওয়া যায়। সমূত্রের ধারে এবং এখানকার সমস্ত জায়গায় যে লোকেরা বাস করে তা'দের অধিকাংশই হ'চ্ছে জেলে! তা'রা সমূত্রের নানা জাতীয় মাছ ধ'রে কল্কাতা এবং অস্থাস্থ সহরে চালান দিয়ে বেশ তু'পয়সা রোজগার করে। দিনরাত বাঘ, কুমীর, হাঙ্গর প্রভৃতির সঙ্গে লড়ে লড়ে এখানে থাক্তে হয় ৰ'লে এই লোকগুলো বেজায় সাহসী। ওরা কুমীরের মুখ থেকে কেড়ে নিয়ে আসে মাছ—ডিঙ্গি, নৌকা নিয়ে নির্ভয়ে ঘুরে বেড়ায় সমুদ্রের দূরে—অতি দূরে।

চট্টগ্রামের দক্ষিণ-পূর্বব দিকের লোকেরাও খুব সাহসী। সমুজ, ঢেউ, কুমীর বা জলের বড় বড় জন্তু-জানোয়ার দেখে এতটুকুও এরা ভয় করে না। ওদের মাছ ধর্বার ভারী সথ এবং এ বিষয়ে ওরা খুব পট়। এদের ছোট ছোট ছোট ছোট লোকায় চড়ে, তালগাছের মত উচু উচু ঢেউ ভেদ ক'রে ছুটে যায়। তোমরা গঙ্গার উপরে ষ্ঠীমার, লঞ্চ এবং জাহাজে যে খালাসীদের দেখ্তে পাও তা'দের অনেকেরই বাড়ী এই চট্টগ্রাম, নোয়াখালি প্রভৃতি স্থানে।

গাছপালা

বাংলা-দেশে গাছ-পালার নেই অন্ত। গ্রামে-গ্রামে, পাহাড়ে-পাহাড়ে অজ্ঞস্ত, অফুরস্ত গাছ। ঐ গাছের কতকগুলো দিয়ে করা হয় ঔষধ, কতকগুলোয় জ্বালানী কাঠ আর কতকগুলোয় খুঁটি। কত কাজেই যে কাঠের দরকার হয় তা'র ঠিক ঠিকানা নেই। গোটা কয়েক ঔষধের গাছের কথা বল্ছি—তুলসী, নিম, অনন্তমূল, কণ্টি-কারি, আকন্দ, চালতে মাদার, বাসক, গুলঞ্চ, অশোক, অশ্বগদ্ধা, নিসন্দা, কালমেঘ, কুক্সিমা, কাটানটে, ওলট-কন্থল, ভাট, সোদাল স্থতকুমারী, সোমরাজ, জাম, কলা, বেল; বাবলা, পুনন্বা, শিমূল, শতমূলী, ব্রাহ্মী, পাথরকুচি, চিতা, আপাং, অর্জ্ঞ্ন, হরিতকী, আমলকী,

বহেড়া, কালকাস্থন্দা, বকুল, নারিকেল, তাল প্রভৃতি। এই গাছগুলো সব মাটি ভেদ ক'রে উঠে ব'লে এগুলোকে বলে উদ্ভিদ্।

তক্তা করবার জন্ম যে গাছ ব্যবহার হয় এবার তা'র কতকগুলোর নাম বল্ছি—শাল, দেবদারু, স্থুন্দরী, পাইমা, জারুল, কড়ি, কাঁঠাল, আম, সেগুন, মেহগনী প্রভৃতি।

বাংলা-দেশের যেখানে সেথানে আম, কাঁঠাল, পেয়ারা, ডালিম, কলা, খেজুর প্রস্তৃতি অজস্র ফলের গাছ দেখা যায়। এখানে এত গাছ পালা জন্মায় ব'লে তোমার। হয়ত মনে করতে পার যে পৃথিবীব সকল জায়গায়ই বুঝি এমনই অসংখ্য গাছ জন্মে থাকে আর এত ফল ফলে। আসলে কিন্তু ভা নয়! এমন কি তোমাদের রাজার দেশ যে বিলাভ সেখানেও নয়। বিলাতে কাচের ঘর ক'রে—আগুনের কুণ্ড জ্বেলে—তাপের বন্দোবস্ত ক'বে—অতি যত্নে কলম থেকে ছ'চারটা আম ফলান হয়। ওখানে আমের কত আদর সে সম্বন্ধে তোমাদের একটা গল্প বল্ছি।

(১) আম গাছ

একবার মহারাণী ভিক্টোরিয়ার সঙ্গে দেখা করতে যান মহাপুরুষ কেশব সেন। মহারাণী তাঁকে খুব আদর ক'রে কয়েকটা আমের মুকুল দিয়ে বলেছিলেন, "আপনার যশে ভারত গৌরবান্বিত; আমার দিছি। শুনে বরূপ আপনাকে অতি যত্নের এই আমের মুকুল উপহার দিছি। শুনে তিবর্ষে এর বিশেষ মূল্য নেই কিন্তু এখানে এ তুর্লভ। আক্রিটে ব্যয়ে ও বহু যথে নিজের বাঁগানে এই মুকুল উৎপন্ন করিয়েছি। এর গন্ধ আন্ধাণ ক'রে আমি' বড়ই পুলকিত হই, এ সময় মনে হয় মণিমাণিক্যের ক্রাও কিন্তু অতি তুচ্ছ।"

আমরা 'রামায়ণে' দেখ্তে পাই যে আমকে 'অমৃত ফল' ব'লে বর্ণনা করা হয়েছে। বাস্তবিকই আমের মত ফল পৃথিবীতে বুঝি আর নাই। কবি মনোমোহন বস্তু যথার্থই বলেছেন—

> অমৃত স্বর্গেতে থাকে লোকে এই বলে, কিন্তু ভাই আমাদের আম গাছে ফলে।

এমন জিনিষ আমাদের দেশে ঈশ্বর অজস্র দান করেছেন—সুলভ ক'রে রেথেছেন।

(২) বট গাছ এত বড় গাছ বাংলা দেশে আর নেই বল্লেই চলে। ছোট্ট



বাংলা-দেশের হাত:, ত দিয়ে ঘেরা নদীর পাড়ে স্নানের ৬ ক্রচ্ছ

একট্থানি বীজ—তা'র গাছ 🎏 🎳 তাব্লে বিশ্বিত হ'তে হয়।

সিংহ ষেমন নানা কারণে পশুদের রাজা, বটগাছও তেমনই নানাগুণে গাছেদের রাজা। এক একটা বটগাছ ছ'তিন শ' বছর বেঁচে থাকে। বাংলা-দেশের মধ্যে সবচেয়ে বিখ্যাত বটগাছ হ'চ্ছে, শিবপুর বোটানিক্যাল গার্ডেনেরটা।

(৩) নারিকেল গাছ

এবার বল্ছ্নিকালা-দেশের একটা ফলের গাছের কথা—গাছটির
নাম হ'ছে নারিকেল। তোমরা নিশ্চয়ই নারিকেল ফল খেয়েছ
এবং সেটা চোখেও দেখেছ। সব জায়গায় এ গাছ হয় না। নোনা
মাটিতে নারিকেল গাছ জন্মায় বেশী। সমুদ্রের ধারে এইজন্ম এ গাছ
বেশী দেখা যায়। এক একটা গাছের কাণ্ডের উচ্চতা প্রায় ৫০ ফিট্
এবং বেড় প্রায় তিন ফিট্হয়। কাণ্ডটী সোজা ভাবেই উচুতে উঠে।

নারিকেল হ'তে আমাদের অনেক উপকার হয়। হাল্কা ডিঙ্গি-নৌকা তৈয়ার কর্তে এর কাগু অনেক সময় ব্যবহৃত হয়। পল্লীগ্রামে নারিকেল গাছ কেটে অনেকে পুকুরের সিঁড়িরূপে ব্যবহার করে কাবণ এর কাঠ সহজে নষ্ট হয় না বা এতে ঘুণ ধরে না। নারিকেল গাছের পাতা হ'তে ঝাঁটা, ছোব্ড়া হ'তে গদি ও দড়ি, খোলা হ'তে ছ'কো এবং শাঁস হ'তে তেল হয়। নারিকেল অতি পুষ্টিকর এবং খেতে সুস্বাদ। বহু ঔষধে নারিকেল ব্যবহৃত হয়।

(8) 취하

এইবার বল্ব আর একটা দরকারী গাছের কথা। গাছটীর নাম বাঁশ। সচরাচর ৫০ হ'তে ৬০ ফিট্ পর্য্যস্ক:এগুলো উচু হয়। এদের ভেতরটা ফাঁপা, বাইরে থাকে অনেক গাঁইট। পাতাগুলো হয় লম্বা লম্বা।

বাশ ভারী কাষের জিনিষ। বাংলা-দেশে কিছু দিন আগে— করোগেটেড্ টিন আস্বার পূর্নেই—অধিকাংশ বাড়ীতেই 'ছনের' ঘর ছিল। এই ছনের ঘরের জন্ম বাঁশ একটা অপরিহার্য্য বস্তু ব'লে গণ্য হ'তো। বাঁশের খুঁটি কম ব্যবহৃত হয় না। বাঁশ দিয়ে ভেলা, নদী বা



কুকিদেব তৈযারী বাশের পুল

খালের উপর সাঁকো, চুপ্ড়ী, চ্যাটাই, মাছর, চিক্, মাছ ধর্বার পল—জালি—খালুই, মাড়া, চেয়ান, টেবিল প্রভৃতি তৈয়ার হয়। কাগজ তৈয়ার হয় বাঁশ দিয়ে। বাঁশ রপ্তানী ক'রে বাংলা-দেশের অনেক টাকা রোজগার হয়।

(৫) কার্পাস গাছ

বাংলা-দেশে কাপাস বা কাপাস গাছের মত এমন উপকারী গাছ আর নাই। এই গাছ থেকেই হয় তূলা। তূলা বা তূলো তোমরা সকলে বোধ হয় দেখে থাক্বে,—অন্ততঃ বালিশের তৃলো ত দেখেছ-ই।
কাপাস ও শিমূল এই ছুই রকমের তৃলোই বালিশের জন্ম ব্যবহৃত
হয়। তৃলো সব চেয়ে বেশী লাগে জামা-কাপড়ের স্থাতা কর্তে।
ধানের মত এক সময় এ দেশে তৃলোর চায় হ'ত।

অত্যন্ত যত্ন ক'রে তুলোর চাষ কর্তে হয়। বাংলা-দেশের অন্ধ-বস্ত্রের মধ্যে বস্ত্রের সমস্তা সমাধানের জন্ম তূলা একান্ত প্রয়োজনীয় বক্ষ:


বাংলার জীব-জন্ত

বাংলা-দেশে জীব-জন্ত অজস্র ও নানা রকমের দেখা যায়। এখানকার বাঘ, গণ্ডার, হস্তী, ভল্লুক, বহ্য-মহিষ, বহ্য-শৃকর, হন্তুমান, বানর, গরু, মহিষ, ছাগল, ভেড়া এবং নানা রকমের সাপ ও মাছ প্রসিদ্ধ।

(১) বাঘ

তোমাদের দেশের গৃহপালিত জন্তদের প্রায়ই দেখতে পাও ব'লে তা'দের সম্বন্ধে অনেক তথ্য ভোমরা জান, স্থৃতরাং ওদের কথা না ব'লে এদেশের কয়েকটা নাম-জাদা বহা জন্তদের বিষয় বল্ছি। বাংলা-দেশের বনে ও পাহাড়ে সাধারণতঃ তিন রকম বাঘ দেখা যায়। এক রকম কালো রংয়ের বাঘ আছে; সেগুলো তিন-চার হাত দীর্ঘ হয়। আর এক রকমের বাঘ আছে সেগুলো দীর্ঘে পাঁচ-ছয় হাত হয়—সর্বব শরীর পীতবর্ণ ও লোমে আর্ত এবং ভা'তে কালো কালো গুল আছে। এগুলোকে বলে চিতাবাঘ! আর এক

জাতের বাঘ আছে, তা'রা আরও বড় হয়। শরীরের হলুদ রংয়ের মধ্যে তা'র উপর কালো কালো লম্বা ডোরা-টানা। এগুলো



বাংলা-দেশের কয়েকটী পাথী ও জীব-জন্তু উঁচু হয় যেন এক একটা বলদের মত। এদের গায়ে খুব জোর

এবং বড় বড় গৰু বা মোষকে অনায়াসেই পিঠে তুলে নিয়ে লাফিয়ে চলে যায়। এরাই হ'চ্ছে বাংলার নিজস্ব ও ভীষণ প্রাণী "রয়েল বেঙ্গল টাইগার।"

সাধারণতঃ বাঘেরা বিশ বংসর বাঁচে। এক একবারে বাঘিনী ৩টা হ'তে ৫টা বাচ্চা প্রসব করে। জন্তদের মধ্যে এত হিংস্র জন্ত আর নাই, কিন্তু এরকম হয়েও বাঘিনীরা তা'দের বাচ্চাদের বড় ভালবাসে। একদল সৈনিক একদিন যাচ্ছিল এক বনের মাঝখান দিয়ে, হঠাৎ তা'রা দেখলে ত্'টো বাঘের বাচ্চা শুয়ে আছে। তা'রা ঐ বাচ্ছা ত্'টোকে ধরে নিয়ে গেল, তা'দের ক্যাম্পে। বাঘিনী গিয়েছিল খাত্ত সংগ্রহ করতে। সে ফিরে এসে বাচ্চাদের দেখতে না পেয়ে আর মানুষের জুতোর দাগ দেখে, সেই চিহ্ন ধ'রে বরাবর গিয়ে উপস্থিত হ'ল সেই ক্যাম্পে। তখন তা'র না আছে প্রাণের মায়া, না আছে বন্দুকের ভয়। গর্জে, উৎপাত ক'রে সে সৈনিকদের অতিষ্ঠ ক'রে তুল্লে। অবশেষে সৈনিকরা নিতান্ত নিরুপায় হ'য়ে তা'র বাচ্ছা তু'টোকে তা'র সঙ্গে থেতে ছেড়ে দিলে।

বাঘেরা ডাঙ্গার জানোয়ার হ'লেও সাঁতার কাট্তে পারে। অনেক সময় ওরা বন থেকে বেরিয়ে, জল সাঁত্রে নৌকারোহীদের আক্রমণ করে। সন্ত টাট্কা রক্ত ও পচা মাংস বাঘদের প্রিয়-খান্ত। জীব-জন্তুর রক্ত তা'রা আগে খায় এবং দেহটা ফেলে রেখে দেয়; সেটা পচে উঠ্লে তারপর খায়।

বাঘ দেখে ঘোড়া ভয় পায় কিন্তু হাতী মোটেই ভয় করে না। এইজন্ম এদেশের শিকারীরা হাতীতে চড়ে বাঘ শিকার করে। হাতী বাংলা-দেশের একটী বিশিষ্ট সম্পদ। যেখানে বাঘ থাকে, সেই জায়গা কতকগুলো হাতী দিয়ে ঘিরে ফেলে শিকারীরা ক্রমে ক্রেমে অগ্রসর হ'তে থাকে। বাঘ গর্জ্জে সাম্নে আসে। তথন শিকারীরা হাতীর পিঠ থেকে গুলি করে। হাতীরা বাঘের আগমন বুঝে চীৎকার কর্তে থাকে। বাঘ এসে হাতীকে আক্রমণ ক'রে নখ দিয়ে আচ্ডাতে ও দাত দিয়ে কাম্ডাতে থাকে। তথন বাঘ ও হাতীতে লড়াই বেধে যায়। হাতীর পক্ষে যথন বাঘের কামড় অসহ্য হয় তথন সে শুয়ে পড়ে— বাঘকে একবার নীচে ফেল্ভে পার্লে পিমেই মেরে ফেলে।

বাঘ না থাক্লে বনের অক্সান্ত তৃণভোজী জন্তরা ধান, শস্ত প্রভৃতি থেয়ে উজাড় কর্ত। বাঘের চর্বিব বাতের পক্ষে বিশেষ উপকারী। বাঘের চামড়ায় আসন হয়। সাধু-সন্ম্যাসীরা ঐ আসনে ব'সে ধ্যান করেন—ওঁরা বলেন যে ভারী গুণ আছে বাঘের ছালে। বাঘের ছাল পরেন ব'লে স্বয়ং যোগেশ্বর মহাদেবের এক নাম হয়েছে কৃত্তিবাস। বাঘের নথ গলায় বেঁধে দিলে ছোট ছোট ছেলেমেয়েদের অপদেবতার ভয় দূর হয় ব'লে অনেকের বিশ্বাস। এখন বুঝ্লে ভ কৃত উপকার হয় বাঘ হ'তে।

(২) গণ্ডার

বাংলা-দেশের আর একটা অদ্ভূত জন্তুর কথা বল্ছি। তা'র নাম হ'চ্ছে গণ্ডার। গণ্ডার দেখাতে হাতীর চেয়ে ছোট হলেও বল ও বিক্রমে কম নয়। এগুলো হিংস্র জন্তু নয়, অথচ ভাল পোষও মানে না—ভারী রাগী। একটা গল্প বল্ছি শোন—

অনেকদিন আগে একজন লোক জাহাজে ক'রে একটা গণ্ডারকে নিয়ে যাচ্ছিলেন। হঠাৎ কি কারণে, গণ্ডারটী রেগে গেল। তখন সে আর যায় কোথা বা করেই বা কি ? জাহাজখানা ভেঙ্গে ফেলে নিজে জলে ডুবে মর্ল আর সকলকেও মার্লে। এত রাগ কি ভাল ?

গণ্ডার কাদায় পড়ে খেল্তে বড় ভালবাসে। আসামের নিকটবর্ত্তী বঙ্গদেশের সীমানায় কাদাওয়ালা বনভূমিতে মধ্যে মধ্যে গণ্ডার দেখা যায়, তবে বর্ত্তমানে এদের বংশ প্রায় লোপ পাবারই মত হয়েছে। যেখানে মামুষ খুব কম যায়, এমন জলা, বিল ও নদীর পাড়ে পাড়ে ওরা থাকে। সম্প্রতি বঙ্গদেশ ও আসামের সীমানা হ'তে ধৃত একটা গণ্ডারকে প্রায় ৪০০০ টাকায় একজন আমেরিকান্কে বিক্রী করা হয়েছে। সমুদ্রের নিকটবর্ত্তী স্থান্দর-বনের জলাভূমির কাদায় এখনও মধ্যে মধ্যে গণ্ডারের পায়ের চিহ্ন দেখ্তে পাওয়া যায় ব'লে শোনা যায়।

গণ্ডারের গায়ের চাম্ড়া ভারী শক্ত—বাঘের নথ পর্যান্ত বিদীর্ণ হয় না বা তরোয়ালের আঘাতে কাটে না, এমন কি, বন্দুকের গুলিও ভেদ ক'রে যেতে পারে না। পূর্বের বাংলা-দেশে গণ্ডারের চাম্ড়া দিয়ে হ'ত ঢাল। ঐ ঢাল নিয়ে যোদ্ধারা লড়্তেন। গণ্ডারের গুষ্ঠ অধরের উপর ঝুলে থাকে। ঐ ওষ্ঠ দিয়ে ওরা খাবার দ্বয় মুখে তুলে নেয় এবং ইচ্ছামত ওষ্ঠ বাড়াতে ও এদিক সেদিক ফেরাতে পারে। গণ্ডারী অনেক বংসর অন্তর সন্তান প্রসব করে। জন্মাবার প্রথম মাসে সন্তানকে দেখ্তে হয় ঠিক শৃকরের মত। তখন শিং থাকে না কিন্তু পরে নাকের উপর সেটা গজিয়ে উঠে। গণ্ডার ভিন্ন এমন নাকের উপর শিং আর কোন জন্তুর নাই। এই জন্মই বল্ছি এ হ'চ্ছে বাংলার এক অন্তুত জন্তু। এই শিংয়ের নাম

কি জান ? এর নাম হ'চ্ছে খড়গ। এই খড়গ এক হাত কিংবা তা'র চেয়ে আরও বেশী লম্বা হয়।

কাঁচা ঘাস, শাক ও প্রায় সব রকম শস্ত গণ্ডার খায়। আখ খেতে এরা বড়ভ ভালবাদে। এদের শ্রবণ ও ভ্রাণশক্তি ভারী তীক্ষ। অনেক সময় গন্ধ দিয়েই ওরা দূরের শত্রুর আগমন বুঝ্তে পারে। সামনের জিনিষ ছাড়া পাশের জিনিষ দেখুতে পায় না ব'লেই গণ্ডার তুর্নল হয়েছে। এই জায়গাই ঈশ্বর একে তুর্নল ক'রে রেখেছেন। হাতীর চোখ তু'টো ছোট হওয়ার জ্ব্য-যেমন সে এক বিষয় তুর্ববল, গণ্ডার সম্বন্ধেও তা'ই। সামনের দিকে সোজা দৌডানই হ'চ্ছে গণ্ডারের শত্রু আক্রমণের কায়দা; তথন সাম্নে পড়লে কারুরই রক্ষে নেই। যথন এরা গাছ-পালায় গা ঘষ্তে থাকে, তখন ঐ সব চূর্ণ বিচূর্ণ হয়ে যায়। সাম্নে যা' পায় তা' খড়া দিয়ে এরা তুলে দূরে ছুঁড়ে ফেলে দেয়। শোনা যায় এদের খড়েগ বিষ-নাশক গুণ আছে। ঐ খড়া হ'তে কোটো, বাটী, জল রাখ্বার চোঙা, খেলনা প্রভৃতি তৈয়ার হয়। ভারতবর্ষে এর মাংস অনেকে পবিত্র ব'লে মনে করে। এরা বাছুরের মত শব্দ করে এবং বাঁচে প্রায় ৭০।৮০ বংসর।

(৩) ভল্লুক

কাল ও ধুসর বর্ণের ভালুকই বাংলা-দেশে পাওয়া যায়। ফল, মূল, নানা রকম শস্তা, মাছ, মাংস প্রভৃতি ওরা খায় এবং তুর্গম স্থানে বাস করে। ভল্লুকের শরীরে ঘন-ঘন, লম্বা-লম্বা লোম আছে; সেইজন্ত শীতে, বাতাসে ও রৃষ্টিতে এরা কট্ট পায় না। ওদের কান গোল ও ছোট এবং চোথ ছুটোও ছোট; পা ও উরু অত্যন্ত শক্ত ও সবল। ভালুকের প্রত্যেক পায়ে পাঁচ পাঁচটা ক'রে আঙ্গুল আছে এবং সাম্নের পা দিয়ে এরা হাতের কায করে। এদের আঙ্গুলের আগায় বড় বড় ধারালো নথ আছে। এই জন্তদের শ্রবণ, ঘাণ ও স্পার্শ-শক্তি থুব প্রবল এবং স্বর গম্ভীর, কর্কশ ও ভয়ানক।

বর্ষার শেষে ভালুক খুব হাই-পুষ্ট হয়—শীতের সময় কিছু খায় না, যেন মড়ার মত কাটায়—পাহাড়ের গহররে থাকে। এই সময় এদের সম্ভান হয়। ছয় মাস পর্যান্ত সন্তান পোটে রেখে অগ্রহায়ণ মাসের শেষে এরা একেবারে ২০টী শাবক প্রসব করে। বাচ্ছাগুলো প্রথমে হয় পীত বর্ণ ও পিণ্ডের মত গোলাকার, কেবলমাত্র মুখের দিকে কিছু সরু থাকে। আটাশ দিনের পর ছানাগুলোর চোখ ফোটে। বসন্ত কালের প্রারম্ভে ভালুকী ওদের সঙ্গে নিয়ে বের হয়। অনাহারে অতি কুশা ও কুধায় অত্যন্ত কাতর হ'য়ে থাকে ব'লে এ সময় ভালুকী খাতোর তল্লাসে অত্যন্ত ব্যন্ত হয়। অন্যক্ষিত্র না পোলে গাছে উঠে ফল খায়। ভালুক যখন গাছে চড়ে তখন তা'র পেছনের পায়ে ডাল ধরে এবং সাম্নের পা দিয়ে, ফল পেড়ে খায়।

ভালুকের মত নিষ্ঠুর জন্ত বড় দেখা যায় না। অতি সামাস্য কারণেই ওরা রেগে উঠে এবং যা'র উপর রাগ করে তা'কে তংক্ষণাৎ নথ দিয়ে কেঁড়ে বা চিরে ফেলে। সাম্নের পা ছটো দিয়ে নিজের কোলের মধ্যে টেনে এনে এমন জোরে চেপে ধরে যে, ধৃত জীবের নিশ্বাস বন্ধ হ'য়ে অবিলম্বে প্রাণ বেরিয়ে যায়।

ভালুকের বেশ বোধ-শক্তি আছে। এর। কখন কখন রাতে ক্ষেতে গিয়ে সেখানকার যব, গম, ধান প্রভৃতি উপ্ড়ে কেলে, মাটিতে আছ্ডে, শস্ত ও বীজ ছড়িয়ে খায়; পেতে শোবার জস্ত সময় সময় বিচালিগুলে। নিয়ে যায়। এই জন্তরা যেমন খেজুর খেতে ভালবাসে তেমনই মধু খেতেও ভালবাসে। মধু পেলে এরা যেন সব ভূলে যায় এবং এর আহরণের জন্ত নানা চাতুরী ও নানা কষ্ট করতেও ছাড়ে না।

বনে ভালুক ছর্দান্ত থাকে। কণ্টে পোষ মানাতে পার্লে ভালুক ভারী শান্ত হয়। ভালুকের চামড়ায় জামা, টুপি প্রভৃতি তৈয়ার হয় এবং ববফের দেশের লোকের। এই চামড়া দিয়ে জুতোর তলা তৈরী করে। ভালুকের নাড়ী অভ্রের মত স্বচ্ছ ব'লে অনেকে ওতে জানালার পর্দ্ধা তৈরী করে। ঐ পর্দ্ধা ভেদ ক'রে ঘরে বেশ পরিষ্কার আলো আসে। ওদের ঘাড়ের হাড়ে বেশ ধারালো অন্ত্র হয় এবং তা' দিয়ে ঘাস কাটার কায চলে।

(৪) হরিণ

বাংলা-দেশে সচরাচর তিন রকম অর্থাৎ মাস্ক ডিয়ার বা কস্তুরি-মৃগ, স্পটেড-ডিয়ার বা শাদা-ছাব্কা ও রেড্-ডিয়ার বা লাল-হরিণ দেখা যায়। কস্তুরি-মৃগ হিমালয় অঞ্চলে বাস করে এবং এর নাভিতে যে কস্তুরি হয় তা' বিশেষ উপকারী জিনিষ। স্থন্দর-বনে ও অস্তান্ত জঙ্গলে শাদা-ছাবকা ও লাল হরিণ পাওয়া যায়।

ছরিণের চোখ ছটো বড় স্থন্দর ও টানা টানা, দৃষ্টিও ভারী মনোহর। এরা তৃণভোজী এবং খুব জোরে দৌড়তে ও লম্বা লম্বা লাফাতে পারে। ছাগলের মত কখন এদের ২।৩টা আবার কখন



বাংলা-দেখের হরিণ

বা কেবলমাত্র একটী বাচ্ছা হয়। হরিণের শিং হয় কিন্তু হরিণীর শিং হয় না।

(৫) বানর ও হনুমান

বানর বাংলা-দেশের একটা বিশিষ্ট-প্রাণী। এরা খুব বৃদ্ধিমান;
মানুষকে যা' কর্তে দেখে অবিকল তা' কর্তে ওরা চেষ্টা করে।
অনুকরণ প্রবৃত্তি ওদের খুব বেশী। মানুষের মত ছ'থানি পায়ে
ভর দিয়ে এরা চল্তে পারে। বানরের হাতে ও পায়ে সমান
কায হয় ব'লে ওদের চতুর্হস্ত বা চতুর্ভু কলা হয়। গোরু, ভেড়া,
কুকুর, বিড়াল প্রভৃতির হাত নেই—ওদের চারখানি পা—এজন্য
ওদের বলে চতুষ্পদ-জন্ত।

বাংলা-দেশে হন্তুমান সচরাচর বেশী দেখা যায়। তিন-চার ফিট্ লম্বা হয় ওদের দেহ, লেজটি শরীরের চেয়ে বড়। যখন এক গাছ হ'তে অন্য গাছে লাফিয়ে যায়, তখন দেখলে ভারী কৌতূহল বোধ কর্বে এবং আরও দেখ্তে ইচ্ছা হ'বে। এরা নিরামিষাশী; গাছ-পাতা ও ফল-মূল এদের প্রিয়-খাত্য।

তোমরা রামায়ণ পড়্লে দেখ্তে পাবে, রাম-রাবণে যে যুদ্ধ হয়েছিল তা'তে রামের তরফে মন্ত্রী ছিল পরম রামভক্ত হন্তুমান। হন্তুমানের কেমন ক'রে একটা ভুল ভেক্ষে ছিল এবার সে-সম্বন্ধে বল্ছি।

প্রীরামচন্দ্র আরম্ভ করেছেন খুব ঘটা ক'রে অশ্বমেধ যজ্ঞ,—ভাণ্ডার রক্ষার ভার পড়েছে হন্থমানের উপর। কুশাসনে বসে হন্থমান সকলকে সব দিচ্ছেন। কিন্তু কৃ-অভ্যাস যায় কোথায়—কেট কিছু চাইতে এলেই দাঁত, মুখ খিঁচিয়ে উঠেন। ঘটনাক্রমে লক্ষ্মণ সেটা দেখুতে পেলেন। কিছুকাল হন্থমানকে সরিয়ে রাখা উচিত ব'লে মনে ক'রে তিনি তাঁকে বল্লেন, "হন্থমান! তুমি সকাল বেলায় হিমালয়ে গিয়ে এক মুনিকে নিমন্ত্রণ ক'রে আস্বে কারণ ভূলক্রমে তাঁকৈ নিমন্ত্রণ করা হয়নি।" মুনির ঠিকানা দেওয়া হ'ল। হন্থমান সোঁ-সোঁ ক'রে ছুটে চল্লেন—গিয়ে দেখুলেন—মুনি ত নয়, এক অদ্ভূত জীব। শরীরটা সোনার মান্থবের মত কিন্তু মুখটা শৃকরের মত। হন্থমান বল্লেন, "কে আপনি ?" তিনি উত্তর দিলেন, "বাবা হন্থমান, আমি অনেক দান করেছিলুম, সেইজন্ম সোনার শরীর পয়েছি; কিন্তু কাউকে কটু ছাড়া মিষ্টি কথা বল্তাম না, সেই পাপে হয়েছে

হমুমান সব বুঝ্তে পার্লেন এবং ফিরে এসে ভাগুারী হলেন বটে কিন্তু সেই থেকে কাউকে কটুকথা বা দাত-মুখ খিঁচিয়ে উঠ্লেন না।

কীট-পতঙ্গ ও সরীস্থপ

হাজার হাজার পোকা-মাকড় এখানে রাতদিন ঘুরে বেড়াচ্ছে; জলে, স্থলে, অন্তরীক্ষে পোকা-মাকড়ের অন্ত নেই। প্রাণী তিন রকমের-শস্থলচর জলচর ও উভয়-চর। কতকগুলো পায়ে হাঁটে, কতকগুলো সাঁতার দেয়, কতকগুলো ডানার সাহায্যে বাতাসে উড়ে চলে আর কতকগুলো বুকে ভর দিয়ে চলে। সরীস্প চলে বুকে ভর দিয়ে। টিক্টিকি, গির্গিটী ও অনেক সাপ স্থলচর। টেণ্ড়া সাপ জলচর এবং ব্যাঙ্ উভয়-চর। ব্যাঙের কণ্ঠে শব্দ আছে, সাপ শিস্ ও গান শুন্তে ভালবাসে। সোনা ও কোলা ব্যাঙ এবং অনেক সাপ দেখ্তে স্থলর আবার কতকগুলো কদর্যা। কোন কোন সরীস্প বিষধর। কত অমোঘ ওর্ধ আমরা কত সরীস্পের কাছে পেয়ে থাকি। তোমরা বড় হ'য়ে সে

বাংলা-দেশে নানা রকমের ও নানা আকারের সাপ পাওয়া যায়। এদের অধিকাংশই খুব বিষাক্ত। কেউটে, গোখ্রো, চক্র-বোড়া, করাতে প্রভৃতি প্রসিদ্ধ। সাপের কামড়ে প্রতি বংসর এখানে অনেক লোক ও পশু মারা যায়। এখানে সাপের উৎপাত বর্ধা-কালেই বেশী হয়। বাংলার পাহাড় অঞ্চলের ময়াল-সাপ খুব বড় ও মোটা হয়। তা'রা, ছাগল, বেড়াল, পাখী প্রভৃতি খেয়ে ফেলে। সাপ ডিম পাড়ে এবং সেগুলো থেকে অনেক বাচ্ছা হয়।
সাপের গর্ত্তের ভিতর দিক থুব মস্থা ও চক্-চকে হয়। ডিম থেকে
বাচ্ছা বের হ'বার পরই সাপ সেগুলোকে থেয়ে ফেলে ব'লে সাপিনী
লুকিয়ে ডিম পাড়ে। সাপের বিষে আজকাল অনেক উগ্র ওষ্ধ
তৈয়ার হ'চ্ছে। গো-সাপের চামড়ায় জুতো হয়।

টিক্টিকি ও গির্গিটী

এদেশে নানা আকারের টিক্টিকি ও গির্গিটী পাওমা যায়। এখানে সাধারণতঃ ত্'রকমের টিক্টিকি—শাদা ও কাল ডোরা-টানা— দেখা যায়।

বাংলা-দেশে তেঁতুলে বিছে এবং কাঁক্ড়া বিছে দেখা যায়। এদের বিষ আছে এবং কামড়ে অতিশয় ছালা-যন্ত্রণা হয়। জীব-জন্তু অনেক সময় এদের কামড়ে প্রাণ হারায়। তেঁতুলের গাঁটের মত দেখ্তে হয় ব'লে ওদের তেঁতুলে বিছে বলে; এরা এক ফুটেরও বেশী লম্বা হয়।

কাঁক্ড়ার মত ছু'টো দাড়া থাকার জন্ম বিচ্ছুকে কাঁক্ড়া বিছে বলা হয়। এদের পিছনে লেজের সঙ্গে হুল থাকে এবং সেই হুল ফোটানর সঙ্গে সঙ্গেই এরা বিষ ঢেলে দেয়।


কেঁচো ও কেরো তোমরা নিশ্চয়ই দেখে থাক্বে। কেরোর অনেকগুলি ছোট ছোট পা আছে কিন্তু কেঁচোর তা' নেই। কেঁচো ভারী উপকারী প্রাণী। মাটির ভিতর গর্ত্ত ক'রে থাকে ব'লে ঐগুলো দিয়ে জল ও বায়ু প্রবেশ করে এবং সেজস্ম গাছপালা সতেজ হয়। এরা পচা পাতা ও ঘাস খায়। ঐগুলো ওরা নিজেদের গর্ত্তে টেনে নিয়ে যায়—এতে মাটির সারের কায হয়। যে জমিতে কেঁচো থাকে তা'তে ভাল ফসল হয়। কেঁচো কেমন ক'রে গর্ত্ত ক'রে তা' বল্তে পার ? ওদের ত হাত-পা নেই। কেঁচোর মাটিতে দেখ তে পাবে যে কাদা দিয়ে সরু দড়ির মত ক'রে সেগুলোকে ঘুরিয়ে, পাকিয়ে ওরা রেখেছে। কেঁচো মুখ দিয়ে মাটি গিল্তে থাকে, আর ঐ মাটি ওর পেটের ভেতর দিয়ে স্তোর মত বের হ'য়ে উপরে উঠ্তে থাকে। বের হ'বার সময় কোঁচোর শরীরের ভিতরের এক রকম তেলের মত জিনিষের সঙ্গে ঐ মাটি মিশে যায়, এইজন্ম ওটা এত সহজে বের হয়। এই নরম মাটির একটা আশ্চর্য্য গুণ আছে, বোল্তা বা ভীমরুলে হুল ফুটালে ক্ষতস্থানে ঐ মাটি লাগাবামাত্র যন্ত্রণা কমে যায়।

বাংলা-দেশে অনেক রকমের কীট-পতঙ্গ দেখা যায়। এখানকার পঙ্গপাল, রাম-ফড়িং, গঙ্গা-ফড়িং, নানা জাতের প্রজ্ঞাপতি, তেলাপোকা, আরশুলা, গুব্রে-পোকা, শ্রামা-পোকা প্রভৃতি প্রসিদ্ধ। এখানকার পাহাড় অঞ্চলে এত রংয়ের প্রজ্ঞাপতি পাওয়া যায় যে অনেক ইউরোপবাসী ঐ সমস্ত প্রজ্ঞাপতি নিজেদের দেশে নিয়ে গিয়ে, অতি যত্নে বাঁধিয়ে, ঘর সাজিয়ে রাখেন।

মাছ

বাংলা-দেশের ছোট ছোট ছেলেমেয়েদের মধ্যে একটা কথা আছে,

> ডাল, ভাত, মাছ ভাজা যত খাই তত মজা!



বাংলা-দেশের প্রজাপতি

সত্য সত্যই বাঙ্গালীর কাছে মাছ ভারী প্রিয়-খাগু। তোমরা সকলেই বোধ হয় মাছ খাও এবং নীচের বর্ণিত মাছগুলো নিশ্চয়ই দেখেছ—

> রুই, কাত্লা, কই, মাগুর, চিতল, সিঙ্গি, পুঁঠি, চিংড়ী, ইলিশ আর শোল।

ক্রুই বা রোহিত মাছ, যা'কে তোমরা পোনা মাছ বল সে হ'ছে মাছের রাজা। এরা কোন খারাপ জিনিষ খায় না, গভীর জলে, গন্তীর ভাবে, রাজার হালে চলে। কৈ মাছ দেখছ কি ? কৈ মাছ তা'দের 'কাণকুয়া' দিয়ে চলে। বৈশাখ মাসে কৈ মাছের ডিম হয়। বোয়াল, বাটকে, পুঁটী, ঘেড়ে, চেলা প্রভৃতি মাছ অখাত ও কুখাত খায় ব'লে অনেকে এদের খায় না। চিংড়ী খুব কমই খারাপ জিনিষ খায়। চিংড়ীকে অনেকে মাছ না ব'লে জ্বলের পোকা বলেন। এক একবারে মাছ অসংখ্য ডিম পাড়ে এবং সেগুলো থেকে হয় অজস্র বাচছা। শোল, চেতল, ছেতেন প্রভৃতির বংশ এত বৃদ্ধি পায় যে মনে হয় যেন এ বৃদ্ধি আর ফুরোবার নয়।

তিমি প্রভৃতির মত বৃহৎকায় মাছ বাংলা-দেশে না থাক্লেও এক একটা রুই, কাত্লা, চেতল কম বড় হয় না। এদেশেই মকর ছিল, হাঙ্গর ছিল এবং বোধ হয় এখনও আছে। গঙ্গাদেবী মকরবাহিনী, মাছে চড়ে তিনি বেড়ান; এ দেশেই ভগবান মংস্থা অবতার হয়েছিলেন—এসব কাহিনী তোমরা নিশ্চয়ই শুনে থাক্বে। তা'হলেই তোমরা বৃঝ্ছ যে কতদিন আগে থেকে এদেশ নানা রকমের মাছের জন্ম প্রসিদ্ধ।

ইলিশ, তপ্সে, ভেট্কী, ভাঙ্গন, পাব্দা প্রভৃতি থুব মুখ-রোচক। এদেশের চট্টগ্রাম ও নোয়াখালীর নানা রকমের সমুদ্রের মাছ অনেকেই থেয়ে থাকেন। চট্টগ্রামের "নোনা ও স্থাঁট্কী" মাছ অনেক জায়গায় চালান যায়। মাছ ধর্বার জন্ম বাঙ্গালী জেলের। কত যে কৌশল ও যন্ত্রপাতির সৃষ্টি করেছে তা'র ইয়তা নেই। এদেশে ধীবর বা জেলে ব'লে একটা সম্প্রদায়ই আছে, তাদের মুখ্য উপজীবিকা হ'চেছ মাছ-ধরা। জেলে ডিঙ্গীতে চড়ে শত শত জেলে निगीए मांच धरत। थतात जान, याँ कि जान, जानि, शन, एउँ छै।, বঁড়শী, ধর্মজাল, বেড়াজাল, শোলাজাল, কৈ জাল প্রভৃতি বাঙ্গালী জেলের যন্ত্রপাতি কী চমৎকার! বাইন ও কুঁচো মাছ ধরবার জন্ম বাঁশের চোঙ্গা পেতে রেখে এরা প্রচুর মাছ ধরে। যমুনা, পদ্মা, মেঘনা, গঙ্গা প্রভৃতি বড় বড় নদীতে জেলেরা কত বড় বড় জাল দিয়ে কত মাছ ধরে দেখ্লে তোমরা অবাক হ'য়ে যাবে! বঁড়শী দিয়ে মাছ ধরা অনেক সৌখীন লোকের একটা সথ। মুগেল. काल वाउँम, रहला, त्योत्रला, मतल-भूँ ही, याखत, मिन्नी, वाहा, रहिरता, রিঠা, চাঁদা, রং চাঁদা, খলিসা, বেলে, স্থবর্ণ-খড়কে, খরুল্লা, লেঠা, হাড়বেজে, রায়েক, শাকৈ, গল্দা, চিংড়ী, বেতরঙ্গী, পেতিকৈলা, ভেউস, কালকুনি, চান্দিমা, গরচা, চ্যাক্মেকা, নোরা প্রভৃতি মাছ এদেশের বিল, দীগি, দহ, খাল, পুকুর, নদী ও নালায় প্রচুর পাওয়া যায়।

মাছের রক্ত ঠাণ্ডা। অধিকাংশ মাছেরই গা শক্ষ বা আঁইশে ঢাকা। পৃথিবীতে প্রায় ৮০০০ জাতের মাছ আছে।

কাঁক্ড়া

কাঁক্ড়া এদেশের একটা বিচিত্র প্রাণী এবং এখানে প্রচুর পাওয়া যায়। বানরেরা কাঁক্ড়া খেতে খুব ভালবাসে। চালাকী ক'রে এরা লেজ কাঁকড়ার গর্প্তে চুকিয়ে দেয় এবং যথন কাঁক্ড়া ওটা জড়িয়ে ধরে তখন তুলে নিয়ে মেরে খায়। অনেক পাখী কাঁক্ড়া খায়। এখানকার পুকুর, নদী ও সমুদ্রে নানা রকম কাঁক্ড়া পাওয়া যায়। সমুদ্রের কাঁক্ড়া অনেক সময় বেশ বড় বড় হয়। বর্ধাকালে যদি কলকাতায় গঙ্গাস্থানে যাও তা' হলে দেখ্বে কত ছোট ছোট কাঁক্ড়ার বাচ্ছা তোমাদেব কাপড়ে উঠে জ্বালাতন কর্ছে। অনেকে বর্ষার সময় গঙ্গার কাঁক্ড়া তুলে নিয়ে পুকুড়ে ছেড়ে দেয়। সেগুলো কিছুদিনের মধ্যেই বেশ বড় হয়।

পাখী

এবার পাখীর কথা বল্ছি। সথের জন্য সৌখীন লোকেরা হ'চারটা পাখী পোষেন। পাখী নিয়ে যাঁরা আলোচনা করেন, তাঁ'রা জানিয়াছেন যে ভারতে প্রায় ১৬১৭ জাতের পাখী দেখা যায়; তা'র মধ্যে প্রায় ১৩৩৬ জাত ঋতু পরিবর্ত্তনের সঙ্গে অন্য দেশে ঘুরে বেড়ায়। ভারতবর্ষে যে সমস্ত পাখী দেখা যায় তা'র অধিকাংশই তোমাদের বাংলা-দেশে জন্মে। তোমরা নিশ্চয়ই দেখে থাক্বে—

"মোরগ, পায়রা, হাঁস, ময়্র, পেচক, শকুনি, বুলবুল, শুক, কোকিল, চাতক; বক, ঘুঘু, বাজ, চিল, ময়না, পাপিয়া, কাকাতুয়া, শ্রামা, কাক, সারস, মুনিয়া।"



বাংলা-দেশের হিমালয় পর্বতাঞ্চলের ট্রাগোপান (উপরে), কালিজ্ (মধ্যস্থলে) ও ফেজেন্ট (নীচে)

প্রভাতে মোরগের 'কক্র-কো', হাঁসের 'প্যাক্-প্যাক্', চড়াইয়ের 'কিচির-কিচ্,' পায়রার 'বক্ বকুম্ কুম্,' কাকের 'কা কা' ও কোকিলের 'কুছ, কুছ' ডাক নিশ্চয়ই শুনে থাক্বে। কত রকমের পাখী নানা রকম ডাক্তে ডাক্তে এখানে সেখানে উড়ে বেড়ায়। এদেশের পাখীগুলোর ডানায় কত রকম রং করা তা' দেখ্লে যেন চোখ জুড়োয়। বাংলা-দেশে এক শ্রেণীর জ্যোতিষ-জানা পণ্ডিত আছেন যাঁবা পাখীর ডাক শুনে মঙ্গলামঙ্গল ব'লে দিতে পারেন। তাঁ'দের বলে 'কাক চরিত্র মশাই'।

পাখী দেখতে যেমন স্থানর, এদের স্থরও তেমন শ্রুতি-মধুর। তবে কতকগুলো কর্কশ-কণ্ঠ পাখীও আছে—যেমন কাক, ভুতুম পেচা, নিমপাখী, চিল প্রভৃতি। কোকিল, দোয়েল, পাপিয়া, ময়না প্রভৃতির কণ্ঠস্বর কী মধুর, কী চমংকার! এগুলো শুনে মনে হয় যেন সারাক্ষণই শুনি। পাখীকে সকলেই ভালবাসে। নারায়ণের বাহন মস্ত বড় গরুড় পাখী, আর রামায়ণের সেই সম্পাতি, জটায়ু প্রভৃতি পাথীর কথা হয় ত শুনেছ। তেমন বড় পাখী এখন চোখে না পড়লেও এক একটা গুধ্র কম বড় নয়। কাক, শকুনি, গুধ্ৰ প্ৰভৃতি পাখী রাতদিন উচ্ছিষ্ট ও মৃতদেহ ভক্ষণ করে ব'লে হয় ত তোমরা এদের ঘূণা কর—অত্যন্ত কর্দর্যা জিনিষ আহার ও অঙ্গ-সোষ্ঠবহীন ব'লে হয় ত তাচ্ছিলা কর—কিন্তু ঐ সকল পাখী তোমাদের পরম বন্ধু ও বিশেষ উপকারী জীব, তা' বোধ হয় তোমরা জান না। ওরা না থাক্লে ভোমরা পৃথিবীতে বাসই কর্তে পার্তে না। পচা ও গলা মৃত জল্প ভক্ষণ ক'রে এই পাখীগুলো তোমাদের বিশেষ উপকার করে। ওরা যদি ঐ সব না খেত বা পরিষ্কার করত

তা'হলে গলিত শবের পচা তুর্গন্ধে বায়ুমণ্ডল দূষিত ও বিষাক্ত হয়ে যেত। কাক ও শক্নির কাছে তোমরা শিখ্বে প্রাতরুখান—কত দীর্ঘজীবি ওরা!

চক্রবাক পাখী ব্যাধের শরে মরেছিল আর বাল্মীকি শোকে শ্লোক রচনা করেছিলেন এ গল্প তোমরা বড় হ'য়ে পড়বে। তোমরা হয় ত নল রাজার উপাখ্যান শুনেছ, কতকগুলো হাঁস দৃত হয়ে গিয়েছিল দময়স্তীর কাছে। ডাহুক, ফিঙে, হল্দে পাখী বেনে:বউ. তোমরা হয় ত অনেকে দেখেছ ? এই হল্দে পাখীর 'বউ কথা কও' ও ঘুঘুর 'ঘুঘুর-র্-র্' ডাক পল্লীগ্রামে প্রায়ই শুন্তে পাবে।

তোমরা মনে কর'না যে তোমরা কোন অপরাধ কর্লে, তোমাদেরই কেবল বিচার হয়, পঞ্চায়েৎ বসে বা শান্তি হয়। একটা সভ্য ঘটনা বল্ছি, শোন। সে অনেক দিনের কথা, একজন অধ্যাপক বলেছিলেন যে তিনি এক কাক-সভা দেখেছিলেন। তিনি রাস্তা দিয়ে যাচ্ছিলেন, দেখ্লেন, রাস্তার ধারে, থুব বড় এক কাকের সভা বসেছে। অসংখ্য কাক, একত্র বসে সভা কর্ছে। সেটা যেন একটা ব্যহ; সেখানকার কাকগুলো একটা কেন্দ্রন্থ কাকের দিকে ঝুঁকে চীৎকার কর্ছে ও যেন সকলে সেই কাকটাকে কোন এক অপরাধের জক্য ভর্ৎসনা কর্ছে। কিছুক্ষণ এমনই চীৎকার ক'রে শেষে কিছুক্ষণ নীরব থেকে এক একটা কাক সেই মধ্যের কাকটাকে সজোরে চঞ্চুর আঘাত ক'রে ফিরে আস্তে লাগ্ল। কিছুক্ষণ অতিকষ্টে দণ্ড সহ্য ক'রে শেষে দণ্ডিত কাকটী উড়ে গেল। কাকেরা এই ভাবে যেন পঞ্চায়েতী প্রথায় স্থায়-অস্থায়ের বিচার কেরলে।

বাজ-পাথী বড় ঝগড়াটে, বুলবুল আবার তেমনই শাস্ত। এদেশের এক একটা পাখীর এক এক প্রকৃতি। তোমরা নিশ্চয়ই ময়ূরু দেখেছ। এ কবিতাটী পড়েছ কিং?

> "আকাশে দেখিলে মেঘ পেখম ধরিয়া। ময়ূর নাচিতে থাকে অধীর হইয়া।"

এক ছোট পাখীকে ধরে একদিন একটি ছেলে যা' বলেছিল, সে কবিতাটী শোন—

"ছোট পাখী, ছোট পাখী এস মোর কাছে,
পরিপাটী খাঁচা এক তোমা' তরে আছে;
স্থকোমল মথমল দিব শয্যা পেতে
পাকা পাকা মিষ্ট ফল পাবে তুমি খেতে।"
পাখী ছেলেটীর কথা শুনে যা' উত্তর দিয়েছিল, সেটা শোন—
"উড়িতে বাসনা মোর নীলাকাশে ভাসি'
হলেও সোনার খাঁচা ভাল নাহি বাসি।"

বাংলা-দেশের পাহাড় অঞ্লের নানা রকমের ফেব্রুন্ট-বার্ড জলের তিন রকমের মাছ-রাঙার রং ও গড়ন দেখ্লে প্রকৃতিদেবীর সৃষ্টি ও রং ফলানো যে কত উচু দরের তা' বেশ বুঝ্তে পারা যায়। এই পাখীগুলো দেখ্তে সত্য সত্যই খুব চমংকার।

এখানকার টিয়া, চন্দনা ও ফুলটুসি বেশ পোষ মানে এবং মানুষের মত নানা কথা বলতে পারে। পাপিয়ার 'চোখ গেল' আওয়াজ কী মধুর! নানা রকম বুলির অনুকরণ কর্তে পারে ব'লে এখানকার শালিকগুলোর নাম রাখা হয়েছে 'হ্ববোলা।' এখানকার সাধারণ ও কালো তিতির অনেক হিন্দুস্থানী পুষে থাকে। এদেশের বুল্বুলের





বাংলা-দেশের হিমালয় পর্বতাঞ্লের বাংলা-দেশের বাউন-হেড্ মাছ-রাক্সা পাথী

মাছ-রাজা

লডাই প্রসিদ্ধ। আগে অনেক লোক জড়ো হ'য়ে এসব দেখ্ত--সে কী কাও।

পাখীরা ছ' জাতের হয়—(১) শিকারী: এদের ঠোঁট শক্ত. অগ্রভাগ বাঁকা ও পা তু'খানা কঠিন, বাঁকা ও ধারাল। শকুনি, বাজ, পেঁচা প্রভৃতি এই জাতীয়।

- (২) আশ্রয়ী পাখী: এরা বাসা তৈয়ার ক'রে তা'তে থাকে। কাক, শালিক, ঘুঘু, বাবুই, চিল হ'চেছ এই শ্রেণীর।
- (৩) বিফিরক; এরা আহারের জন্ম নখ দিয়ে মাটি থোঁডে। 🎉 মারগ, ময়্র, পায়রা প্রভৃতি এই শ্রেণীভুক্ত।

- (৪) জলচর; এদের পা হ'খানি লম্বা এবং গলাও প্রায় পায়েরই মত। অল্প জলা জায়গায় লম্বা পা ফেলে এরা মাছ, শামুক ইত্যাদি ধর্বার জন্ম বেড়ায়। এ সময় এদের গলা নামিয়ে চলে। বক, হাড়গিলা এই শ্রেণীর।
- (৫) সন্তরক; এদের পা ত্থানি ছোট এবং আঙ্গুলগুলো পাত্লা চামড়ার দারা সংযুক্ত। হাস, রাজহাস এই শ্রেণীর।
- . (৬) ক্রতপদ; এরা লম্বা লম্বা পা ফেলে মাটির উপর দৌড়ে চলে—শৃত্যে বেশী উড়্তে পারে না—পাথাগুলো নিস্তেজ। ময়ূর এই শ্রেণীর।

বাত্তভ

বাংলা-দেশে বাছড়, চাম্চিকে ও তাল-চড়াই অনেক পাওয়া যায়। সন্ধ্যা হ'লেই এরা বাসা হ'তে বেরিয়ে খাবারের চেষ্টায় উড়ে বেড়ায়।

তোমরা বাহুড় দেখেছ ? বল ত, বাহুড় পাথী না জন্ত ? পাথীর মত বাহুডের পাথা আছে, উড়ে বেড়ায় কিন্তু পাথীর মত ওদের পালক নেই। পাথীর মত যা' দেখ, ও হ'ছেছ ওদের হ'খানি হাত; ঐ হাতের আঙ্গুল দেখেছ ? সেগুলো কিন্তু থুব লম্বা আর পাত্লা চামড়া দিয়ে জোড়া। হাতের বুড়ো আঙ্গুল হ'টো সকলের ছোট এবং সেগুলোর উপরে রয়েছে এক একটা বাঁকা নথ। পায়ের আঙ্গুলেও অল্প বাঁকা ধারাল নথ রয়েছে। ওগুলো ডালে, দেওয়ালে লাগিয়ে বাহুড় রাস্তার ক্লান্তি দ্র করে। পাথীর চোখ আছে, দাঁত নাই কিন্তু বাহুড়ের দাঁত আছে চোখ নাই। পাখী

ডিম পাড়ে আর এরা প্রসব করে বাচ্ছা এবং থেতে দেয় স্তন।



গাছে অনেক বাছড দেখা যায়।

চৈত্ৰ-বৈশাথ মাসে এদের ছানা হয়। প্রায় গু'মাদ বাচ্ছারা মায়ের সঙ্গে থাকে। বাছড দিনে ঘুমোয় আর আহারের অম্বেষণে বা'র হয় রাতে। এরা ভোর বেলা ফিরে এসে বিক্ট. রবে তা'দের আড্ডায় মারা-মারি, চেঁচামেচি স্থরু ক'রে দেয় এবং স্থবিধাৰ্মত নথ বসিয়ে অধো-মুখে ঝুলে বিশ্রাম করে। কলা, পেয়ারা, স্থপারী এদের বড় দার্জিলিংযের বাস্তা। এথানকার প্রিয়। ওরা বার-চৌদ্দ ইঞ্চি লম্বা হয় এবং ডানা ছটো মেললে

এক দিক হতে অক্স দিক হয় প্রায় ত্ব'হাত। এদের মাথা কালো, গলা ও হাত হল্দে এবং ডানা হু'থানা ধূসর।

বাহুড় উড়ে উড়ে বহুদূর যেতে পারে। একটা বাহুড়ের কাগু শোন। একজন সাহেব জাহাজে চড়ে যাচ্ছিলেন। সমুদ্র হ'তে কুল ছ'শ মাইল দূরে, এমন সময় তিনি চেয়ে দেখ্লেন যে হঠাৎ কোথা থেকে একটা বাছড় এসে বস্ল তাঁ'র জাহাজের এক মাস্তলের উপর। একজন খালাসীকে একটা টাকা পুরস্কার দিয়ে সাহেব বাহুড়টাকে ধুরালেন এবং থুব ষত্নে ফল খাইয়ে পুষ্তে লাগ্লেন। বাহুড়টা 🎮 পোষ মান্ল—বল ত কী কাণ্ড! ছ'শ মাইল দূরে চলে গেছে বাহুড়—ডাঙ্গা থেকে সমুদ্রের জলের উপর—জাহাজের মাস্তলে। বাহুড় পাখী নয়—স্তম্পায়ী জীব, কিন্তু অনেকে এদের পাখীর শ্রেণীভূক্ত ক'রে ভূল করেন।

খনিজ ধাতু

বাংলা-দেশে কয়লা, লোহা ও তামা প্রচুর পরিমাণে পাওয়া যায়। বর্দ্ধমানে লোহার ও তামার কারখানা এবং রাণীগঞ্জের কয়লার খনি বিশেষ বিখ্যাত। সারা বাংলায় প্রায় এক শ' কয়লার খনি আছে এবং সেগুলো থেকে বছরে প্রায় ১৫,০০০০ টন কয়লা তোলা হয়।

সামুদ্রিক-জব্য


বাংলা-দেশের যেন মনস্তুষ্টির জন্ম বিরাট ও বিশাল সমুদ্র তা'কে উপহার দেয় নানারকম জিনিষ। সেইজন্ম এখানকার সমুদ্রের জল বাষ্পীভূত ক'রে বঙ্গবাসী পায় প্রচুর লবণ। এখানকার সমুদ্রের বিন্তুক দিয়ে লোকে সাজায় বাড়ী আর করে ঘুটিং-চূণ। নানা রকমের সমুদ্রের মাছ খেয়ে ও চালান দিয়ে বাংলার লোক পায় প্রচুর আনন্দ। এদেশের সমুদ্রের নিকটের মাটি খেকে পাওয়া যায় সোরা।

বাংলার কতিপয় বিখ্যাত ছান —কলিকাতা—

কলিকাতা বা কল্কাতার নাম তোমরা সকলেই শুনেছ। যা'রা দেখেছ তা'রা ত ভালই ক'রেছ আর যা'রা দেখনি, তা'রা নিশ্চয় দেখ্বে। এখানেই হ'চ্ছে বাঙ্গালীর যত সব বড় বড় গৌরবের জিনিব, বড বড় লোকের বাসস্থান।

কল্কাতা বাংলার রাজধানী; কিছুদিন পূর্বেই ছিল ভারত সামাজ্যের রাজধানী, কিন্তু ১৯১২ সালে দিল্লীতে সমাটের আদেশে রাজধানী পরিবর্ত্তিত হয়েছে। এখানে প্রায় তের লাখ লোক আছে। সব দেশের সব রকম মানুষ একত্র হ'য়ে কল্কাতাকে করেছে যেন মানুষের এক বিচিত্র স্থান। যে রাজ্যে সূর্য্য অস্ত যায় না, সেই বৃটিশ-রাজতে লগুন ভিন্ন এত বড় সহর আর নাই। কল্কাতার স্থুদৃষ্ট দালান ও এমারতের সীমা-পরিসীমা নাই। সৌধ কিরীটিনী লঙ্কার মত বাংলার এই মহানগরী সৌধময়ী প্রাসাদপুরী (city of palaces)। কয়লার খনি দূরে নয়—বর্দ্ধমানে, রাণীগঞ্জে। এজন্ম কলকাতায় ও তা'র উপকণ্ঠে বহু কল-কারখানা স্থাপিত হয়েছে ও হ'চ্ছে; সমুদ্র হ'তে মাত্র ৮৬ মাইল দূরে—কাষেই সমুদ্রগামী বাণিজ্য-জাহাজ এখানে অনায়াদে যাতায়াত করে। সারা ভারতের বাণিজ্যের এক-তৃতীয়াংশ কায এই কল্কাতাতেই হয়। শুনে আশ্চর্য্য হবে পার্টের কারবারে কলকাতার সমকক্ষ বন্দর পূথিবীতে আর দ্বিতীয় নাই! বিতার জন্ম বিখাত বিশ্ববিতালয় ও অনেক ভাল ভাল স্কুল, মাদ্রাসা আছে। দেখ্বার জিনিষের এখানে নেই অস্ত। এখানকার মিউ জিয়াম বা যাত্র্ঘর, আলিপুরের চিড়িয়াখানা বিখ্যাত। গড়ের মাঠ, ফোর্ট উইলিয়াম তুর্গ, হাইকোর্ট, ইডেন-গর্ডেন, মন্তুমেণ্ট, কালীঘাটের কালী, শেয়ালদহ ও হাওড়ার রেল-জংসন, হাওড়ার পুল, পরেশনাথের মন্দির, জোড়া-গীর্জা, নাখোদা-মস্জিদ, বৌদ্ধ-চৈতন্ত্র-বিহার, ব্রাহ্ম-মন্দিব সবই বিচিত্র। শত শত লাইব্রেরী, পত্রিকার সামাই দেখ্বার বস্তু। লাটসাহেবের বাড়ী, রাজা রাজেন্দ্র মল্লিকের

বাড়ী, মেডিকেল কলেজ, কারমাইকেল কলেজ, মাড়োয়ারী হাসপাতাল,



ডাফরীণ হাসপাতাল, ইডেন হাসপাতাল, কর্পোরেশন অফিস্,

পুরাতন কলিকাতার এস্পানেডের দৃশ্য


ইলিক্ট্রক্ অফিস্, সাহেবদের চিত্র-গৃহ মেট্রে। ও লাইট্-হউস্ এবং বাঙ্গালীদের চিত্রা, রূপবাণী, নাট্য-নিকেতন প্রভৃতি মান্নুষের বিশেষ আকর্ষণের জিনিষ। এখানে স্থ-স্বিধার অস্ত নাই। বেড়াবার জন্ম ঢাকুরিয়ার কুত্রিম লেক্ এক অপূর্ব্ব স্থান হয়েছে। কর্পোরেশন ও ইম্প্রুভ্মেন্ট্ ট্রাষ্টের চেষ্টায় অপূর্ব্ব ও বিচিত্র পরিবর্ত্তন ঘটেছে। সহরের জল সরবরাহের বিরাট ব্যবস্থা টালায় গিয়ে দেখ্তে পার। আবর্জনা ফেল্বার বন্দোবস্ত দেখ্লে চমংকৃত হ'বে, ধাপার মাঠ দেখো। গঙ্গার উপরে নৃতন পুল হ'ছে। কত জাহাজ, ষ্টীমার, নৌকা নঙ্গর ক'রে আছে। কিং জর্জেস্ ডক্ এক অপূর্ব্ব জিনিষ। বাংলা-দেশের এক বিচিত্র স্থান হ'ছে এই কল্কাতা।

-roto-

কলিকাতা যেমন পশ্চিম বঙ্গের, ঢাকা তেমন পূর্বব বঙ্গের শ্রেষ্ঠ নগর। এর পূর্বব নাম ছিল জাহাঙ্গীর নগর। ১৬০৮ খৃষ্টাব্দে নবাব ইসমাইল খাঁ এর প্রতিষ্ঠা করেন। এ হ'চ্ছে, তোমাদের দেশের দিতীয় রাজধানী। ঢাকা বৃড়ী গঙ্গা বৃ'লে এক নদীর উত্তর তীরে অবস্থিত। এই সহর খুব পুরানো ও বিখ্যাত। ঢাকা কিছুদিন বাংলার রাজধানীই ছিল—অবশ্য তখন শাসনকর্তা ছিলেন মোসলমান। কল্কাতার দক্ষিণে যেমন আছেন কালীঘাটের কালী, তেমনই ঢাকার উত্তরে রমনার মাঠের কাছে আছেন ঢাকেশ্বরী কালী। যেখানে প্রতিষ্ঠাতা নবাব ইস্মাইল খাঁ প্রথম পদার্পণ করেন তাঁর নাম এখনও ইস্লামপুর হ'য়ে রয়েছে।

ঢাকায় বিখ্যাত স্থান ও দর্শনীয় বস্তুর অস্তু নাই। এখানে যে মস্লিন কাপড় হ'ত তেমন কাপড় পৃথিবীর আর কোথায়ও হয়নি— এখনও যা' হয় তা'র তুলনা নাই—এত স্ক্র কাপড় সত্যিই বিশ্বয়কর। ইংরাজেরা এখান থেকে বহু টাকার মস্লিন নানা দেশে চালান

দিতেন। তাঁ'দের
বহু কুঠি ছিল।
সোনা-র পার
আ ল কার ও
বাসনের জন্ত,
শাঁখা ও মিহি
কাপড়ের জন্ত
এখনও ঢাকা
জ গ দ্বিখাত।



ঢাকাব বুড়ি গঙ্গার তীরে নবাবের প্রাসাদ

এখানে নৃতন আদর্শে ছাত্রাবাস-সহ একটা বিশ্ববিত্যালয় (residential University) স্থাপিত হয়েছে। কলিকাতার গড়ের মাঠের মত স্থলর রমনার মাঠ সভ্যিই ভারী চমৎকার। বিক্রমপুর এই জেলারই একটা পরগণা। কেন ঢাকা নাম হ'ল, এক একজনে এক এক রকম বলেন—ঢক নামে গাছ এখানে থুব জন্মাত। কেউ কেউ বলেন সেই হ'তেই এই নাম; কেউ বলেন অধিষ্ঠাত্রী দেবী ঢাকেশ্বরী হ'তেই এই নাম। প্রতিষ্ঠাতা নবাবের কানে ঢাকের শব্দ যতদ্র পর্যান্ত গিয়ে পৌছে ছিল ততদ্র পর্যান্ত তিনি এই নামে নগর করেছিলেন। বিক্রমপুরের মত শিক্ষিত লোকের স্থান বাংলা-দেশে থুব কম আছে। সত্য সত্যই—

"চাঁদ কেদারের প্রতাপে প্রচুর রঞ্জিত ললাট যা'র এই সেই ভূমি বিক্রমপুর, বন্দনীয় সবাকার। বৌদ্ধ দীপঙ্কর জনমি যেথায় বাড়ান মায়ের মান। জ্ঞানার্থীর এই বিখ্যাত ভূমি, প্রকৃতির সেরা দান।"

এ জেলার রামপাল নানা কারণে বিখাত। গজারী গাছ এখনও কীর্ত্তি ঘোষণা করছে। ঢাকার নবাব বাহাতুর একজন বিখ্যাত জমিদার। নিকটবর্ত্তী নারায়ণগঞ্জ ঢাকার বন্দর ও পাটের জন্ম বিখ্যাত এবং মস্ত বড় ব্যবসায়ের জায়গা। অদূরের লাঙ্গলবান্দ ব্রহ্মপুত্র নদের এক প্রাচীন খাত। ব্রহ্মপুত্রে স্নানোপলক্ষে লক্ষ লক্ষ লোক সমাগম হয়। ঢাকার পাল বংশের কেল্লা ও মস্জিদ্ দর্শনীয় বস্তু। সহরের পশ্চিমে যাবতীয় পুরাতন কীর্ত্তি বিগুমান। নবাব ইস্মাইল থাঁর হুর্গ এখন আর চিন্তে পার্বে না। গভর্ণমেন্ট সম্প্রতি গুরুষা সৈত্যদের বাসোপযোগী কতকগুলি দালান ঐ প্রাচীন তুর্গের উপর নির্ম্মাণ ক'রে দিয়েছেন। নবাব সাহস্কুজার আদেশে চকবাজারের নিকটই ছোট কাট্রা ও বড় কাট্রা নির্মিত হয়। পূর্বের এখানে হু'টো কামান ছিল। একটা এখন বুড়ী গঙ্গার উত্তরে সদর ঘাটে রয়েছে। ঢাকার জন্মান্টমীর মিছিল হিন্দুদের এক বিরাট কাগু। মোসলমানদের ইমামবাড়া এখানকার অতি প্রসিদ্ধ স্থান। মহরমের সময় এ স্থান জনাকীর্ণ হ'য়ে যায়।

—চট্টগ্রাম—

চট্টপ্রাম বা চিটাগাং ভারি চমংকার সহর। বাংলা-দেশের পাহাড়ে সহর দার্জ্জিলিংয়ের পর এমন প্রাকৃতিক সৌন্দর্য্য-ভূষিত সহর আর নাই। তা' ছাড়া সহরটী আবার সমুদ্র-তীরে অবস্থিত ব'লে বাণিজ্য প্রধান হয়েছে। এখানে রাত দিন, ষ্টীমার ও জাহাজে আর বড় বড় নৌকায় নৌকায় নানা মালপত্র আমদানী রপ্তানী হ'ছে। আসাম বেঙ্গল রেলপথনারা চট্টগ্রাম আসামের সঙ্গে সংযুক্ত; আসামের চা ও আস্বাব তৈয়ারীর নানা উপকরণ ও কাঠ এবং চাল ও নানা শস্য এখানকার প্রধান রপ্তানী দ্রব্য। এখানে জাহাজ তৈয়ারী হয়। প্রথম শ্রেণীর কলেজ এখানে আছে। এই



বাংলা-দেশের পাহাডি কুলিরা মাল বহন কর্বার জন্য প্রস্তুত হ'চ্ছে

জেলার পাহাড়ের উপর চন্দ্রনাথ নামে বিখ্যাত হিন্দু তীর্থ আছে। শিব রাত্রির সময় লক্ষ লক্ষ ধর্মপ্রাণ হিন্দু নরনারী এখানে আসেন। এ সময় এখানে খুব বড় মেলা বসে। চন্দ্রনাথ দেখ্বার মতই দেবতা। আদিনাথও বিখ্যাত। সীতাকুণ্ড ও বাড়বা-কুণ্ড এই ছুইটী প্রস্রবণ এবং সহস্রধারা বিচিত্র দর্শনীয় বস্তু। বহু মোসলমান পীর ও ফকিরের আস্তানা এবং সমাধি আছে। এর উত্তরে প্রীহট্ট ও কাছাড়, পূর্বেন লুসাই পাহাড়, পশ্চিমে বিরাট মেঘনা নদী এবং দক্ষিণে বঙ্গোপসাগর থাকায় এস্থান বিচিত্র। চা, ভূলা, কাঠ, ধান, পাঠ, স্থপারি, নারিকেল এখানে প্রচুর জন্মে; পিতল ও কাঁসার বাসন, নানা রকম কাপড়, লোহার অস্ত্রশস্ত্র, বেতের তৈয়ারী জিনিষ পাওয়া যায়। প্রত্যেক উচ্চ-পদস্থ কর্মচারীর বাসস্থান এক একটা পাহাড়ের উপর। সমস্ত আফিস্ এক প্রকাণ্ড পাহাড়ের উপর। এক

—নবদ্বীপ-

নবদীপ বাংলা-দেশের সংস্কৃত শিখ্বার একটা কেন্দ্রস্থান। মোসলমান আমলের পূর্বের এই নগর অনেকদিন বাংলার রাজধানীর গোরব বহন কর্ত।

এখানেই ভূবনবিখ্যাত শ্রীশ্রীচৈতন্ত দেব জ্বন্ম গ্রহণ ও তাঁ'র ভূবন পাবনী লীলা করেছিলেন। নবদ্বীপ হিন্দুর—বিশেষতঃ বৈষ্ণবগণের পরম পবিত্র তীর্থস্থান।

—मूर्निकावाक—

ভাগীরথী এই জেলাকে ত্ব'ভাগে বিভক্ত করেছে—পশ্চিমাংশকে বলা হ'ত রাঢ় ও পূর্ববাংশকে বলা হ'ত বাগড়ি। মূর্শিদাবাদের প্রধান নগর হ'চ্ছে এখন বহরমপুর, কিন্তু এককালে ছিল মূর্শিদাবাদ হ। মূর্শিদাবাদ বাংলার শেষ স্বাধীন নবাবগণের রাজধানী। ভাগীরথী তীরবর্ত্তী এই প্রাচীন কীর্ত্তি-মন্তিত নগর দেখুলে তোমরা কত কথাই

না জান্তে চাইবে। পার ত মুর্শিদাবাদ একবার দেখে এসো। এখনও এ জায়গা রেশমের কাপড়, বালাপোষ প্রভৃতির জন্ম বিখ্যাত। অনেক প্রাচীন কীর্ত্তি এখানে আছে।

—গোড়—

বাংলার প্রাচীন রাজধানী গৌড় এখন আর নাই, আছে শুধু তা'র ভগ্নাবশেষ। গৌড় বাংলার মোসলমান শাসনকর্ত্তা এবং স্থলতানগণের একদিন রাজধানী ছিল। গৌড়ের সৌধমালার শোভার তুলনা ছিল না। এখনও ঐ সৌধমালার হু' চারটী থাক্লেও বাকীগুলো ভেঙ্গে গোছে এবং বা' আছে তা' নষ্ট হ'তে আরম্ভ হয়েছে।

গৌড় বর্ত্তমান মালদহ জেলায় ছিল। কখন, কে যে এ রাজধানীর প্রতিষ্ঠা করেছিলেন তা' তত ভাল ক'রে জানা যায় না। মোসলমান বিজয়ের প্রথম হ'তেই গৌড়ের বিবরণ মোসলমানগণের ইতিহাসে স্থান লাভ করেছে। মোসলমানেরা বঙ্গ-বিজয় সম্পন্ন ক'রে হিন্দুদের রাজধানী গৌড়ে আপনাদের বাস-ভবন প্রতিষ্ঠা করেছিলেন। তা'রপর প্রায় ৩০০ বছর মোসলমান শাসনকর্ত্তা ও স্থলতানগণের বাসস্থান ছিল। এই সময়ে বহু অভুল সৌধশালী অট্রালিকা নির্দ্মিত হয়।

বহুদিন পর মৈনাম খাঁর সময়ে মহামারী উপস্থিত হ'য়ে গৌড় ধ্বংস-প্রাপ্ত হয়। গৌড় একেবারে জনশৃষ্ঠ হ'য়ে যায়। তা'রপর আর বসতি স্থাপিত হয়নি।

গোড়ের শ্রেষ্ঠ সোধের নাম "সোনা মস্জিদ্"। কালো মার্বেল পাথরে অঙ্গ-সোষ্ঠব করা হয়েছিল এই অপূর্বব মস্জিদের। সোলতান নশরৎ সাহ ৯৩২ হিজরীতে এর নির্মাণ করেন। মস্জিদের জায়গায় জায়গায় ছিল সোনার কারু-কার্য। এইজন্মই এর নাম দেওয়া হয়েছিল "সোনা মস্জিদ্"। এঁর অন্য কীর্ত্তি "কদম-রস্থল মস্জিদ্"। মস্জিদের মধ্যে হজরৎ মোহম্মদের পদ-চিহ্ন অঙ্কিত এক খণ্ড প্রস্তুর স্থাপিত হওয়ায় এর নাম রাখা হয় "কদম-রম্থল"।

ফতে খাঁর সমাধি, মিনার, ছোট সোনা মস্জিদ্ এখনও প্রায় অক্ষুল্ন আছে। এক লক্ষ্মী মস্জিদ্, ছত্রিশ গড়, আদিনা মস্জিদ্ প্রভৃতি দেখ্বার জিনিষ। এক লক্ষ্মী মস্জিদে সোলতান গীয়াসউদ্দিন তাঁ'র স্থ্যী ও পুত্র-বধুর দেহ সমাহিত হয়েছে।

গভীর জঙ্গলাবৃত "ছত্রিশ গড়ে" সোলতান সেকেন্দর শাহ বাস কর্তেন ব'লে শোনা যায়। একটা দীঘির পাশে "ছত্রিশগড় প্রাসাদ" নির্শ্বিত হয়েছিল। এই প্রাসাদ অতি সুরক্ষিত ছিল। এখনও চার দিকে স্থান্ট ছর্গের নানা চিহ্ন দেখা যায়। এখান হ'তে এক মাইল পশ্চিমে হ'চ্ছে আদিনা মস্দ্রিদ, এটাও সেকেন্দর শাহের কীর্ত্তি।

সোনার বাংলার সোনার ছেলে

(১) এীএীরামকৃষ্ণ পরমহংস

এতক্ষণ তোমরা বাংলা-দেশের নানা কথা শুন্লে। এবার যাঁরা বাংলা-দেশের প্রকৃত গৌরব—যাঁদের মত মূল্যবান্ বস্তু খুঁজে পাওয়া যায় না, তাঁদের কথা কিছু কিছু বল্ছি।

কুখময় বসন্ত এসেছে, সোনার বাংলায়। ১৮০৬ সালের ২০শে কেন্দ্রারী—শুভা ফাল্পনী শুক্লা দ্বিতীয়া তিথি সেদিন—পিক কণ্ঠের মধুর কাকলীতে ও পুম্পের স্নিশ্ধ গল্পে পল্লী-ভবন আমোদিত হ'চ্ছিল। স্থাবর জঙ্গমের মনে বড় আনন্দ; কোন্ এক আকাজ্গিতের আগমন সম্ভাবনায় যেন তা'রা বিপুল পুলকে স্পন্দিত ও উল্লাসিত হ'চ্ছিল।



এত্রীরামকৃষ্ণ পরমহংস

প্রকৃতির এই আনন্দোৎসবের মধ্যে ঠাকুর শ্রীশ্রীরামকৃষ্ণ শুভ ব্রাহ্ম মৃহুর্ত্তে আবিভূতি হ'লেন। বাংলার যে পুণ্য-ভূমিতে তিনি আবিভূতি হ'লেন তা'র নাম কামারপুক্র। কামারপুক্র হ'ছে হুগলী জেলার জাহানাবাদ মহকুমার ৮ মাইল পশ্চিমে। পরম নিষ্ঠাবান্ ব্রাহ্মণ ক্ষ্দিরাম চট্টোপাধ্যায় তাঁ'র পিতা আর চন্দ্রমণি দেবী তাঁ'র মাতা।

বাল্যে রামকৃষ্ণ দেবকে সকলে ডাক্ত গদাই বা গদাধর ব'লে। তাঁ'র ভাল নাম ছিল জীরামকৃষ্ণ চট্টোপাধ্যায়। ছোট বেলা হ'তেই তিনি দেখুতে খুব স্থুন্দর ছিলেন এবং গান বড় ভালবাসতেন। লেখাপড়া করবার ইচ্ছা তাঁ'র আদৌ ছিল না। ব্রাহ্মণ পণ্ডিতের ছেলে, আকাট মূর্য হ'লে খাবে কি? অবস্থাও ত তেমন ভাল নয়। গদাধর ভাব লেন লেখাপড়া দিয়েই বা হ'বে কি—কামিনী-কাঞ্চন দিয়েই বা হ'বে কি ? তাঁ'রা ছিলেন তিন ভাই। বড় ভাই পণ্ডিত রামকুমার দেখ লেন সংসার হ'য়ে আসছে অচল : তিনি কলকাতায় ঠনঠনে কালী-মন্দিরের কাছে ঝামাপুকুরে কর্লেন এক টোল। গদাই ত দেশে পাকলে একেবারে অধঃপাতে যা'বে. টোলে আর পাঁচটা ছেলের দেখা দেখি যদি কিছু হয় এই ভেবে তাঁ'র দাদা তাঁ'কে নিয়ে এলেন সঙ্গে ক'রে। কিন্তু গদাধর টোলেও কিছু করলেন না। দাদা রামকুমার ঠাকুর মশাই প্রত্যহ যজ্জমানের কায আর টোলে ছাত্র পড়ানতে অত্যন্ত পরিশ্রম বোধ ক'রে গদাধরকে অগত্যা পূজো শেখালেন। পুজো তিনি বড় ভালবাস্তেন কাষেই আনন্দের সঙ্গে রাজি হ'লেন ৷

ঘটনাক্রমে, এই সময়ে কল্কাতা জ্বানবাজারের রাণী রাসমণি কল্কাতার হু'মাইল উত্তরে দক্ষিণেশ্বরে প্রায় ৯ লাখ্ টাকা খরচ ক'রে তৈয়ারী করালেন এক বিরাট কালী মন্দির। গদাধরের দাদা নিলেন ঐ মন্দিরের পূজার ভার। ১২৬২ সালের জ্যৈষ্ঠ মাসের স্নান-যাত্রার দিন হ'ল মন্দিরের প্রতিষ্ঠা। গদাধর সেইদিন প্রথম এলেন দক্ষিণেশ্বরে। রাণী মা আর তাঁ'র জামাই মথুর-বাবু তাঁ'কে দেখে ভারী খুসী হ'লেন। কয়েক মাস বিষ্ণুর মন্দিরে কর্লেন পূজো; তাঁ'র দাদা কর্লেন আর সব পূজো। তারপর গদাধর মা ভবতারিণীর পূজোর ভার নিলেন। এদিকে তাঁ'র দাদাও মারা গেলেন। রামকৃষ্ণর পাঁচ টাকা মাইনে, বরাদ্ধ হ'ল। তিনি সব ঠাকুরের পূজোর ভার নিলেন।

মার উপর ছিল তাঁ'র অগাধ ভক্তি। মা বল্লেন, "গদাধর, তুই বিয়ে কর।" তিনি মার অবাধ্য হলেন না। কামারপুকুরের হু'ক্রোশ দূরে জয়রাম বাটির শ্রীরাম মুখোপাধ্যায়ের ছ' বছরের মেয়ে শ্রীমতী দারদা দেবীর সঙ্গে হ'ল তাঁ'র বিয়ে, ১২৬৫ সালে।

শ্রীমতী সারদা দেবীও বড়ই ধর্মানুরাগিনী ছিলেন। স্বামীর মত হ'ল স্ত্রী। ছ'জনেরই বিষয়ে দারুণ বৈরাগ্য—কেউ কিছু চান্ না এ সংসারের। একদিন সারদামণি দেবীকে কিছু অর্থ দান কর্তে বড় ইচ্ছা হ'ল রাণী রাসমণির জামাতা মথুর-বাবুর। তিনি বল্লেন, "আমার বড়ই ইচ্ছা যে আপনাকে কিছু দিই, আপনি বলুন, আপনার কোন্ দ্রব্যের প্রয়োজন।"

শ্রীমতী সারদামণি হেসে বল্লেন, "আমার ত বাবা কিছুরই অভাব নেই—তবে যদি নিতেই বল—নিলেই যদি তুমি বাবা খুসী হও, তা'হলে আমাকে ভাল দেখে ত্র'পসার দোক্তার পাতা এনে দাও" কথা শুনে সকলে ত অবাক্।

এদিকে ভবতারিণী দেবীর পূজারী ব্রাহ্মণ রামকৃষ্ণ একে একে আরম্ভ ক'রে দিলেন পৃথিবীর সব ধর্ম্মের সাধনা। তিনি সব সাধনার চরম স্থলে পৌছে বুঝ্লেন স্বারই এক কথা। ও সব হ'চছে এক এক পথে ভগবানের কাছে যা'বার রাস্তা মাত্র। পর্বত হ'তে বেরিয়ে নদী যেমন ছুটে নানা দিদেশ ঘুরে মেশে সমুদ্রে, তেমনি আল্লা, গড, জিহোভা, জোভ, শক্তি, বিষ্ণু, গণপতি, স্র্য্য, শিব স্বাই এক—রামকৃষ্ণের এই বিচিত্র সাধনার কথা আগুনের মত ছড়িয়ে পড়ল। রামকৃষ্ণ সিদ্ধ হয়েছেন—ভগবানকে দেখেছেন, এ কথা অচিরে স্বত্র রাষ্ট্র হ'য়ে পড়ল। তাঁ'র দৈনন্দিন কথা-বার্ত্তায়, চলা-ফেরায় সকলেই টের পেলেন, তিনি যে-সে লোক নন্—নিশ্চয় মহাপুরুষ।

প্রথমে কল্কাতার জন-কয়েক লোক হ'য়ে পড়্লেন তাঁ'র বিশিষ্ট ভক্ত। তাঁ'রা বাড়ী-ঘর ছেড়ে এসে পড়ে রইলেন তাঁ'র কাছে। তাঁ'দের মধ্যে—প্রধানটিরই নাম বিবেকানন্দ। বাড়ী ছিল কল্কাতার সিমলায় এবং তাঁ'র নাম নরেন্দ্রনাথ দত্ত। স্থাসিদ্ধ বৈজ্ঞানিক ও হোমিওপ্যাথ ডাক্তার মহেন্দ্রলাল সরকার, অসাধারণ বাগ্মী ও নববিধান প্রবর্তক ব্রহ্মানন্দ কেশবচন্দ্র সেন, প্রতাপচন্দ্র মজুমদার, স্থাসিদ্ধ নাট্যকার ও অভিনেতা মহাকবি গিরিশচন্দ্র ঘোষ, রামচন্দ্র দত্ত, শ্রীশ্রীরামকৃষ্ণ লীলামৃতকার "শ্রীম" বা মহেন্দ্রনাথ গুপু মাষ্টার মহাশয় এবং রাথাল মহারাজ বা ব্রহ্মানন্দ স্বামী প্রভৃতি ভুবনবরেণ্য ব্যক্তিগণ তাঁ'র শিষ্যুত্ব গ্রহণ কর্লেন। দলে দলে তাঁ'র শিষ্য হ'ল। তাঁ'র সর্বব-হৃদয়গ্রাহী উপমাময় উপদেশে নরনারী মেতে উঠ্ল। ছোট ছোট কথা দিয়ে তিনি সর্ববশান্তের ছর্রহ-তত্ত্ব জলের মত তরল ক'রে সকলকে শ্রাকান্ত বিশ্বিত ক'রে তুল্লেন। কল্কাতার কাশীপুরের এক বাগানে বাংলা ১২৯৩ সালে ক্যান্সার রোগে তিনি দেহ রক্ষা করেছেন।

তাঁ'র ভক্ত—অসংখ্য সংসার ত্যাগী সাধু আজ তাঁ'দের গুরুর বিজয় বৈজয়ন্তী সারা পৃথিবীতে উড়াচ্ছেন। পৃথিবীতে এমন কোন জায়গানেই যেখানে তাঁ'র কথা প্রচারিত হয়নি। এ প্রচারের মূলে ছিলেন, মহাভক্ত ও মহাবাগ্মী স্বামী বিবেকানন্দ। তাঁ'রই চেষ্টায় রামকৃষ্ণ দেবের ছবি, তাঁ'র কথা নিয়ে নানা ভাষায় অসংখ্য বই পৃথিবীর বিভিন্ন দেশে—ভারতের চারদিকে—বাংলার প্রায় ঘরে ঘরে আজ দেখুতে পাওয়া যায়। কীর্ত্তি-মণ্ডিত বেলুড়ে, দক্ষিণেশ্বরে, আমেরিকায়, চিকাগোতে, ইউরোপে—পৃথিবীর সব বড় বড় সহরে রামকৃষ্ণ মিশন ব্যথিতের ও আর্ত্তের সেবায় যে যুগান্তর এনেছে তা'র তুলনা নাই। তাঁ'র উল্লেখ-যোগ্য প্রধান উপদেশ হ'ছে—সব ধর্ম এক, সব ধর্মই সত্যা, ধর্মমত নিয়ে ঝগড়া করা উচিত নয়, গৌড়ামী ভাল নয়। মানুষ হ'য়ে মানুষকে কর্তে নেই ঘুণা, স্বাইকে বাস্বে ভাল। দীন, ছংখী, অনাথ, আতুর, চণ্ডাল, ব্রাহ্মণ স্বারই মধ্যে আছেন একই ভগবান্। মানুষকে সেবা কর্বে, কই দূর কর্বার জন্ম কর্বে জীবনোংস্গ্।

রামকৃষ্ণ বল্তেন, "কাঁচা ময়দা গরম ঘিয়ে ফেলে দিলে কল্কল্ ক'রে হয় শব্দ, কিন্তু যতই ময়দা ভাজা হ'তে থাকে ততই তা'র শব্দ আসে কমে। ভাজা যেমন হ'লে আর শব্দ হয় না তেমনি অল্প জ্ঞান পেলে মানুষ লম্বা লম্বা বক্তৃতা করে, বাহ্য আড়ম্বর দেখায়, পূর্ণ জ্ঞানী হ'লে আর দে সব থাকে না।"

(২) বৃদ্ধিমচন্দ্র চট্টোপাধ্যায় দি, আই, ই

বাংলার ঋষি বঙ্কিমচন্দ্রকে অনেকে ভুল্তে বসেছেন, কিন্তু তাঁ'র মন্ত্র "বন্দে মাতরম্"কে ভুলা কঠিন হ'য়ে দাঁড়িয়েছে। সে মন্ত্র ভূল্বার নয়—সহস্র চেষ্টায়ও বৃঝি তা' ভুলানো যা'বে না বাঙ্গালীর মর্শ্মের মন্ত্র সে, মায়ের কথা ভুলবে সম্ভান ?

হিন্দু-শাস্ত্রকারগণ বলেছেন, "নাদ ব্রহ্ম:"— শব্দই ভগবান্।
কথাটার একবর্ণও মিথ্যে নয়। যতক্ষণ মানুষ কথা কয় ততক্ষণই
তা'র জীবন আছে ব'লে মনে হয়—কথা বন্ধ হ'লে—বাক্রোধ হ'লে
সে হ'য়ে যায় মরা আর না হয় মৌনী—সংসার ত্যাগী সন্ন্যাসী।
কথা গুছিয়ে বললে তা'র নাম হয় ভাষা। বাংলা ভাষা, যা'র আরজ



বিশ্বমচন্দ্র চট্টোপাধ্যায়

এত প্রভাব, কিছুদিন
আগে তা'র এমন অবস্থা
ছিল যে গুছিয়ে বলা বা
লেখা চল্ত না। আড়ষ্ট
ভাব, জড়তায় জড়িত ছিল
সে ভাষা।

বাংলা ভাষার এই ছুর্গতি দেখে হয় ত ভগবান্ ব্যাকুল হ'লেন। তা'ই, পাঠালেন রাজা রাম মোহনকে—তা'রপর বিভাসাগর মহাশয়, মদন-মোহন তর্কালঙ্কার প্রমুখ মনস্থিগণকে। তাঁ'রা ঢেলে

ক্ষাক্লেন বাংলা ভাষাকৈ, গড়ে দিলেন তা'র বল্বার ও লিখ্বার কাইন কামুন—ব্যাকরণ। কিন্তু তথাপি জননী সংস্কৃত—জননী পালির সংস্রব ছেড়ে উঠা হ'ল দায়। ভাষার এই দৈক্ত, এই গ্লানি, এই পঙ্গুছ দুর করতে সাঙ্গোপাঙ্গ নিয়ে এলেন বঙ্কিমচন্দ্র। সার্থক তাঁ'র নাম! ১৮৩৮ খৃষ্টাব্দের ২৮শে জুন রাত্রি ৯ টার সময় চব্বিশ পরগণার নৈহাটীর নিকটবর্ত্তী কাঁঠাল পাড়ায় যাদবচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের গৃহ আলোকিত ক'রে বঙ্কিমচন্দ্র জন্মেছিলেন। সম্রাস্ত ডেপুটি কলেক্টার যাদবচন্দ্র ছেলের পড়া-শুনার স্ববন্দোবস্ত করলেন। কলকাতায় বিশ্ববিত্যালয়ের সৃষ্টি হ'ল ১৮৫৮ খুষ্টাব্দে। বঙ্কিমচন্দ্র সেই বংসরই প্রথম বি. এ পাশ করলেন। তৎকালীন বঙ্গসমাজে তিনি হ'লেন "বি, এ বঙ্কিম"। গুণগ্রাহী গভর্ণমেণ্ট তাঁ'কে অবিলম্বে কর্লেন ডিপুটী ম্যাজিষ্ট্রেট্ এবং কিছুদিন পরে অসামান্ত গুণগ্রামে মুগ্ধ হ'য়ে তাঁকে "রায় বাহাত্বর", "সি, আই, ই" প্রভৃতি উপাধি-ভৃষণে কর্লেন অলঙ্কৃত ! তিনি ৩৩ বংসর চাকরী ক'রে ১৮৯১ সালে নিয়েছিলেন পেন্সন। ভিন্ন ভিন্ন জায়গায় ঘুরে তিনি যে অভিজ্ঞতা সঞ্চয় করেছিলেন তা'র ফল-স্বরূপ বাঙ্গালীর জ্ঞান-ভাগুারে তিনি দিয়ে যেতে পেরেছেন অজস্র মণি-মাণিক্য। যা'দের তুলনা নেই—কখনও হবে কি না, কে জানে ?

পনর বংসর বয়সের সময় তিনি রচনা করেন তাঁ'র কবিতার বই ললিতা ও মানস এবং ছাবিবশ বছরে ছুর্গেশনন্দিনী। এ সময় যেন বাংলা-ভাষায় জোয়ার বইল। বিভাসাগর, তর্কলঙ্কার, অক্ষয়কুমার দত্ত মহাশরগণ বাজাচ্ছিলেন শঙ্খ ঘণ্টা—বাজিয়ে বাজিয়ে কর্ছিলেন বাগ্দেবীর আরাধনা। এইবার বঙ্কিমচন্দ্র সুমধুর বীণা বাজা'তে সুরু কর্লেন। বাংলা-ভাষার এক নৃতন যুগ এল। তিনি লিখ্লেন কপালকুগুলা, মুণালিনী, চন্দ্রশেখর, বিষবৃক্ষ, কৃষ্ণকাস্তের উইল—তা'রপর আনন্দমঠ, দেবীচৌধুরাণী, কমলাকাস্তের দপ্তর, সীভারাম,

রাজসিংহ, যুগলাঙ্গুরীয়, রাধারাণী প্রাভৃতি। বৃদ্ধিমচন্দ্রের অসাধারণ প্রতিভায় দেশবাসী একাস্ত মুগ্ধ হ'য়ে গেল। শিক্ষিত সম্প্রদায়ের রুচির পরিবর্ত্তন ঘট্ল। এ সময়ে দেখা দিল তাঁ'র অভূত সমালোচনা গ্রন্থ কৃষ্ণ চরিত্র। বহিমুখ জনগণকে তিনি কর্লেন অন্তমুখী। যা' ভাব্তেন না তাঁ'রা এখন থেকে তা' ভাব্তে হ'বে তাঁ'দের। বঙ্গু-সমাজের কর্লেন তিনি মহোপকার।

নানা ধর্মতত্ত্বে গীতা ব্যাখ্যা ক'রে, অমুশীলন তত্ত্ব স্থাপন ক'রে, বঙ্গদর্শন মাসিক পত্রের মারফং নানা প্রবন্ধ লিখে তিনি যুগাস্তর আন্লেন। এদিকে আনন্দমঠ পাঠ ক'রে, তা'র অপূর্ব্ব ভাবে বিভোর হ'য়ে উঠ্লেন একদল বাঙ্গালী। আর্ত্তের ত্রাণ, হুষ্টের দমন প্রভৃতিতে তাঁ'দের একান্ত মনোযোগ দেখা দিল।

সেইদিন হ'তে আজ্ব অবধি মনস্বী বৃদ্ধিমচন্দ্রের আনন্দমঠের সন্ধ্যাসীদের ভাবধারা—তা'দের মুখোচ্চারিত অমৃতনিঝর সঙ্গীত—দেশ মাতৃকার বন্দনা-গীতি "বন্দেমাতরম্" বাঙ্গালীর প্রাণে প্রাণে এক তুমূল তুফান তুলেছে। কী অভূত সে সঙ্গীতের শক্তি—কী অভূত তা'র প্রেরণা!

এমন মস্ত্রের যিনি ঋষি তাঁ'র নশ্বর দেহ ১৮৯৪ খৃষ্টাব্দের ৮ই এপ্রিল অন্তর্হিত হ'লেও তিনি বন্দেমাতরম্ মন্ত্রের উদগাতা ঋষিরূপে যে অমর হ'য়ে রয়েছেন তা'তে কোনই সন্দেহ নেই।

(৩) **শশিভূষণ চট্টোপাধ্যায়** এফ. আর. জি. এস (লণ্ডন)

মাতাপিতা নাম রেখেছিলেন শশিভূষণ। দেবাদিদেব শিবের স্থায়ই ছিল সে ছেলেটার স্বভাব-চরিত্র। অসামাম্ম সাধনায় তিনি দেবাদিদেবের মতই নর মধ্যে হয়েছিলেন নরোত্তম। ১২৪৮ সালের ২৪শে ভাদ্র শুক্রবার হুগলী জেলার কোন্নগরের কালীমোহন চট্টোপাধ্যায় ও তাঁ'র সহধর্মিনী মোক্ষদা স্থন্দরী দেবীর ক্রোড় আলোকিত ক'রে জন্মেছিলেন এই বাঙ্গালী ব্যবসায়ী ধুরন্ধর শশিভূষণ চট্টোপাধ্যায় মহাশয়।

সততাই ব্যবসায়ের প্রাণ। এই বাঙ্গালী ব্যবসায়ী শশিভূষণ চট্টোপাধ্যায় মহাশয় স্থকুমার শৈশবাবধি এমনই আবেষ্টনীতে জন্ম পরিগ্রহ করেছিলেন যে তিনি সততাকেই তাঁ'র ব্যবসায়ের

প্রাণ ব'লে সর্ববতোভাবে অভ্যাস কর্তে শিখেছিলেন। পবিত্র বান্ধাণ কুলে—সাধু ও সচচরিত্র বংশে জন্মে, অজস্র অভাব ও অভিযোগের মধ্যে বড় হ'য়ে তাঁ'র স্বভাব এমনই সুমার্জ্জিত ও ধর্মময় হ'য়েছিল যে তিনি উন্মার্গণমী হ'তে—ধর্মপথ ভ্রষ্ট হ'তে সর্ববদা অবহি ত থাক্তেন।

ছোট বেলায় বাজি রেখে লটারীতে জিতে তিনি সে কথা তাঁ'র মা মোক্ষদা



শশিভূষণ চট্টোপাধ্যায়

দেবীকে বল্লে সেই যে তিনি তাঁ'কে বলেছিলেন, "না বাবা, কখনও অধর্ম পথে যেও না; অসং পথে বড় হওয়া যায় না। সততা, সভ্যবাদিতা, সভ্যপ্রিয়তাই হ'চ্ছে, ভাল হবার, বড় হবার উপায়"—
সে বাণী তিনি স্থদীর্ঘ জীবনে—এক পলের জন্মও বিশ্বত হননি। সে
মাতৃ-বাক্য হ'য়ে উঠেছিল তাঁ'র জীবনের মূলমন্ত্র। তিনি এই
মন্ত্র-প্রভাবেই হ'য়ে উঠেছিলেন এত বড়, এত ধনের অধিকারী,
বব্যসায়ী সমাজে এত প্রতিষ্ঠাবান্। সম্ভাব, সাধু ইচ্ছা নিয়ে, একনিষ্ঠ
হ'য়ে কোন ব্যবসায়—কোন চেষ্টায় অগ্রসর হ'লে ভগবান্ তাঁ'র
সহায় হন।

বালক শশিভ্ষণের একাস্ক ইচ্ছা ভাল হবেন—বড় হবৈন। ভগবান্ এনে দিলেন তা'র সাম্নে অপূর্বর স্থাোগ। তা'র জয়-জয়কারে দেশ হ'য়ে উঠ্ল মুখরিত। চতুর্দ্দশ বর্ষীয় শশিভ্রণ লিখ্লেন—"ভারতবর্ষের বিশেষ বিবরণ।" বঙ্গ, বিহার, উড়িয়ায় এই বই অজস্র বিক্রীত হ'ল। এবার শশিভ্ষণ চেষ্টা কর্লেন সাহিত্য-গ্রন্থ লিখ্তে। তিনি লিখ্লেন, অপূর্বর গ্রন্থ "রামের রাজ্যাভিষেক"। তিনি পরমোৎসাহে আবার লিখ্লেন, "ভূগোল-পরিচয়"—এখনও বা'র অজ্ঞ সংস্করণ—অফুরস্ত কাট্তি চল্ছে।

এই ভূগোল-পরিচয় প্রচলিত হবার সঙ্গে সঙ্গেই মেধাবী, তীক্ষ ব্যবসায়-বৃদ্ধি সম্পন্ন শশিভূষণ ভূগোল পাঠে মানচিত্রের একাস্ত ও অপরিহার্য্য প্রয়োজনীয়তার কথা হৃদয়ঙ্গম কর্লেন। শৈশবকাল হ'তেই চিত্রান্ধণে তাঁ'র নৈপুণ্য ছিল। তিনি মানচিত্র অঙ্কণে রত হলেন। বিশান্তা তাঁ'কে জোগালেন নব নব উদ্মেষশালিনী বৃদ্ধি। তিনিও স্থবিজ্ঞ ব্যবসায়ীর মত গ্রন্থের বাজার লক্ষ্য কর্লেন। মানচিত্র মুজ্পের আয়োজন হ'ল। ক্রমে ভূগোলক ও চার্ট হ'ল। মানচিত্রের রাজ্জ্যে তাঁ'র মানচিত্র যুগাস্তর উপস্থিত কর্ল। ইংরেজী, বাংলা, উর্দ্ধু,

হিন্দী, উড়িয়া প্রভৃতি নানা ভাষায় নানা রংয়ের মানচিত্র এবং তাঁ'র স্বরচিত গ্রন্থগুলো এনে দিতে লাগ্ল অজস্র অর্থ। শশিভৃষণের দিন পরিবর্ত্তিত হ'য়ে গেল।

ক্রাউচ্ লেনে শশিভ্ষণের বাসা—ভাড়াটে বাড়ীতে প্রেস—শত শত অর্ডার—নিজে সব দেখাশুনা কর্ছেন। ক্লান্তি বা ক্রোধ নেই তাঁ'র—সার্থক তাঁ'র নাম। তিনি শিব ঠাকুরের মতই সব সইছেন— অসামান্ত তাঁ'র সইবার ক্ষমতা—অসম্ভব তাঁ'র অধ্যবসায়—এ না হ'লে কে কবে ব্যবসায়ে বড় হ'তে পেরেছেন ?

১৯১৪ সালের মহাযুদ্ধে জিনিষ-পত্রেব দাম খুব বেশী বর্দ্ধিত হ'লেও তীক্ষবুদ্ধি ব্যবসায়ী শশিভ্ষণ অকুষ্ঠিতভাবে তাঁ'র ম্যানেজারকে বলেছিলেন, "ম্যাপের দর বাড়ানো হ'বে না। কারণ তাঁ'হলে দেশের লোক মানচিত্র কিন্তে পার্বে না।"

ব্যবসায়ে বঙ্গ-ব্যবসায়ীদের মধ্যে তাঁ'র অন্যতম শ্রেষ্ঠ আসন লাভের মূলে ছিল অক্লান্ত পরিশ্রম, তীক্ষ্ণ ব্যবসায়-বৃদ্ধি ও সাধুতা। শাস্ত্রবাক্যের মত কেবল বল্লে চল্বে না—"বাণিজ্যে বসতে লক্ষ্মী।" চঞ্চলা লক্ষ্মীকে অচঞ্চলা কর্তে হ'লে, চাই—দৃঢ় নিষ্ঠা, সচ্চরিত্রতা ও সততা।

ব্যবসায়-জগতে অসামাশ্য প্রতিষ্ঠা সঞ্চয় ক'রে কৃতী, অসামাশ্য সৌভাগ্যবান্ শশিভূষণ ১৩৩৩ সালের ১৭ই অগ্রহায়ণ তাঁ'র লীলা-সংবরণ করেছেন।

তিনি রেখে গেছেন—অজস্র গ্রন্থ—অসংখ্য মানচিত্র—অফুরন্ত কীর্ত্তি। এই কীর্ত্তিই তাঁকৈ রাখ বে সজীব ক'রে। তাঁর ব্যবসায় প্রণালী অমুসরণ করলে বাঙ্গালী মামুষ হ'য়ে উঠুবে, দেশ উজ্জ্বল হ'বে।

(৪) রায় রাধিকাপ্রসন্ধ মুখোপাধ্যায় বাহাত্র


বাংলা ১২৫৫ সালের ৭ই ভাদ্র নদীয়া জেলার গোস্বামী তুর্গাপুর নামে পল্লী-ভবনে রায় রাধিকাপ্রসন্ধ মুখোপাধ্যায় বাহাত্বর সি, আই, ইর জন্ম হয়। রাধিকাপ্রসন্ধের পিতা স্বনামধন্য অন্ধদাচরণ মুখোপাধ্যায় তখনকার যথেষ্ট অর্থপ্রদ নীলকুঠীতে কাজ কর্তেন। অভিপ্রেত অর্থলোভে রাধিকাপ্রসন্ধ নিজের বৈষয়িক অবস্থা বেশ স্বচ্ছল ক'রে তুলেছিলেন। কমলার কুপা-দৃষ্টির সঙ্গে সঙ্গে মাতা সরস্বতীরও তা'র এবং তাঁ'র বংশধরগণের উপর যুগপৎ অনুগ্রহ-দৃষ্টি হয়েছিল। কুপণের স্থায় অনবরত ধন-সঞ্চয় না ক'রে তিনি অর্থের সন্ধ্যবহারেও কুণ্ঠা বোধ কর্তেন না। তাঁ'র দানের অন্ত ছিল না—বহু দরিদ্র, অভাব-নিপীড়িত তাঁ'র মহামুভবতায় কৃতার্থ হয়েছিল। বহু প্রতিষ্ঠান পুষ্ট হ'ত তাঁ'র সাহায্যে।

আশৈশব তিনি বিভাতুরাগী ছিলেন। মাত্র ১৭ বছর বয়সের সময় তিনি তাঁ'র সময়কার শ্রেষ্ঠ বিভা-পরীক্ষা সিনিয়ার স্কলারসিপে সমস্ত কলেজের মধ্যে প্রথম স্থান অধিকার ক'রে বৃত্তি ও পুরস্কারাদি লাভ করেন। সে সময়ে তাঁ'র সম-পরীক্ষার্থী ছিলেন—যিনি পরে কলিকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির পদ অলঙ্কত করেছিলেন—সেই স্বনাম-ধন্য স্থার চক্রমাধ্য ঘোষ মহাশয় ও বাণীর বরপুত্র, প্রতিভার অবতার, জাতীয় সাহিত্য ও জাতীয় জীবনের নব-যুগের প্রবর্ত্তক রায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাহাত্বর সি, আই, ই।

রায় বাহাত্বর রাধিকাপ্রসন্ধ মুখোপাধ্যায় মহাশয় ঠিক ক'রে
নিয়েছিলেন এমন কর্ম—যা'র মত মহৎ ও উদার কায় নেই বল্লেই
হয়। তিনি সারা জীবন সেই অবদানময়, মহৎ কর্মে—শিক্ষা-প্রচার

কার্য্যে আত্মনিয়োগ ক'রে দেশবাসীর ভবিষ্যুৎ বংশধরগণের শিক্ষার পথ স্থগম ক'রে গেছেন। একাদিক্রমে চৌদ্দ বৎসর তিনি প্রেসিডেন্সী সার্কেলের বিতালয় সকলের পরিদর্শকের কায ক'রে নানাভাবে বিতালয়ের শিক্ষার উৎকর্ষ সাধনে বদ্ধ-পরিকর ছিলেন। তাঁ'র

অক্লান্ত চেপ্তায় দেশময় শিক্ষার এক নব-যুগের নব-ভাবের প্রবর্তন হয়েছিল। বাঙ্গালীর ভুলুলে চলুবে না সে দান। তিনি মাতৃ-ভাষার সাহায্যে নব্য-তন্ত্রের শিকা বিস্তারের একান্ত পক্ষপাতী ছিলেন। নিজে হাতে কলমে সে চেষ্টা ক'রে— উন্নতিময় ইংরেজী-সাহিতা হ'তে উপকরণ আহর ণ



রাধিকাপ্রসন্ন মৃথোপাধ্যায়

ক'রে বাংলা ভাষায় নানা উপাদেয় পাঠ্য-গ্রন্থ রচনা করেছেন। এতে শিক্ষার্থিগণের পরম কল্যাণ সাধন হয়েছে।

শিশুরাই ভবিয়াতে গড়ে তুল্বে দেশ এই ধারণায় তিনি সেই

ভবিয়ং বংশধরগণের মনঃ-সংগঠনের জন্ম লিখেছিলেন "স্বাস্থ্যরক্ষা" ও "প্রাকৃতিক ভূগোল"। শিক্ষা-বিভাগের বিভিন্ন কেন্দ্রে, প্রতিষ্ঠানে, ক্ষেত্রে তিনি দিক্পালের ন্যায় বিচরণ কর্তেন। প্রায় বা'র বংসর তিনি সম-সুখ্যাতির সঙ্গে ইণ্ডিয়ান্ এড়কেশন্ সার্ভিসের মেম্বার বা সদস্থ-পদ অলঙ্কত করেছিলেন। স্থদীর্ঘকাল কলিকাতা বিশ্ববিচ্ছালয়ের ফেলোরূপে বহুবিধ শিক্ষোন্নতিকর কার্য্য সম্পাদন ক'রে দেশবাসীর অশেষ ধন্যবাদ-ভাজন হয়েছেন। সেন্ট্রাল টেক্সট্ বুক কমিটার সম্পাদক ও সদস্যরূপে তাঁ'র কৃতিছের অবধি ছিল না। এ সব ছাড়া তিনি আরও ছিলেন "বোর্ড অফ্ ভিজিটার্স" এবং শিবপুর সিভিল ইঞ্জীনিয়ারীং প্রভৃতি নানা মহৎ অনুষ্ঠানের সদস্য।

অনেকেই হয় ত জানেন যে সে সময়ে "Useful Literature Society" ব'লে একটা বিখ্যাত ও বহু উপকারজনক সোসাইটা ছিল। তিনি সেই সোসাইটার সভ্যরূপে আজীবন শিক্ষা প্রচারে প্রভূত সহায়তা ক'রে গেছেন। শিক্ষা-সংক্রাস্ত যে কোন অমুষ্ঠানের তিনি পরম-সহায়ক ছিলেন। ১৮৮৬ সালে যখন এদেশে Net Grant Committee গঠিত হয়, তখন রাধিকাপ্রসন্ন সেই কমিটারও বিশিষ্ট সদস্য পদে রত হন। পর বংসর বিছালয়গুলির সরকারী সাহায্যদান কল্পে যে সমস্ত নিয়ম গঠিত ও সংশোধিত হ'য়ে কার্য্যকরী হয় এবং স্ত্রী-শিক্ষার বিস্তারের জন্ম যে পরামর্শ সভার সৃষ্টি হয়, তিনি তা'র সদস্য ও সম্পাদক হন। ১৮৯৯-১৯০০ খৃষ্টাব্দে বাংলা-দেশে বাংলা-ভাষার শিক্ষা বিস্তারের স্ক্রীম্ সংশোধনের জন্ম একটা সভার প্রতিষ্ঠা হয়, তিনি এই সভারও সদস্য এবং সম্পাদক হন। এই উপলক্ষে তা'র অক্লান্ত চেষ্টায় নিম্ন প্রাইমারী, উচ্চ

প্রাইমারী এবং মধ্য ছাত্রবৃত্তি বিভালয়গুলির সংখ্যা বর্দ্ধিত হ'য়ে নানাভাবে নানা উন্নতি হয়।

শিক্ষা-বিভাগীয় যে কোন মহৎ অনুষ্ঠানের সঙ্গেই তাঁ'র প্রাণের একাস্ত যোগ ছিল। আজীবন তিনি বিশেষ যত্নের সঙ্গে শিক্ষার সকল রকম প্রতিষ্ঠানের সকল কাযে আত্মনিয়োগ কর্তেন। তাঁ'র সময়ের শিক্ষা-বিভাগের অধ্যক্ষ হেনরী উড্রো এম্, এ সাহেবের স্মৃতি রক্ষার জন্ম একটা ভাগুার স্থাপিত হ'লে রায় রাধিকাপ্রসন্ধ মুখোপাধ্যায় বাহাত্বই তা'র অবৈতনিক সম্পাদক নিযুক্ত হন। অভিলম্বিত অর্থ সংগ্রহ ক'রে তিনি কল্কাতা বিশ্ববিভালয়-মন্দিরে উড্রো সাহেবের মর্মার নির্দ্ধিত অর্ধ-মূর্ত্তির প্রতিষ্ঠা করেন এবং উদ্বত্ত অর্থ হ'তে "উড্রো রন্তি" নামে একটা রন্তি স্থাপন করেন। তারপর অপর অধ্যক্ষ চার্লস্ এইচ্, টনি এম্, এ., সি, আই, ই সাহেবের স্মৃতি রক্ষার জন্ম তাঁ'র আবক্ষ মর্মার প্রতিমূর্ত্তি গড়ে উঠেছে, তাঁ'রই একাস্ত চেষ্টার ফলে। টনি মেমোরিয়াল প্রাইজ্ও তাঁ'রই চেষ্টার সুফল।

সরকারী নানা প্রতিষ্ঠান ছাড়াও তিনি অনেক বে-সরকারী প্রতিষ্ঠানের সঙ্গে একাস্কভাবে বিজ্ঞািত ছিলেন। বঙ্গের বিজ্ঞান বিশারদ ডাক্তার মহেন্দ্রলাল সরকারের বিজ্ঞান-সভা "Indian Association for the Cultivation of Science" এর তিনি আজীবন সভ্য ছিলেন। বৃদ্ধ বয়সের সাহায্য, মৃত্যুর পর নিরাশ্রয়দের সাহায্য প্রভৃতি মহৎ অনুষ্ঠানের তিনি অম্বতম প্রতিষ্ঠাতা ছিলেন। সম্প্রতি এই প্রতিষ্ঠানটীর নাম হয়েছে "হিন্দু এন্যুইটী ফাণ্ড্,"; রায় বাহাত্বর ছিলেন ডা'র ডিরেক্টার।

মাতৃভূমি গোঁসাই তুর্গাপুরের উচ্চ ইংরেজী বিভালয়ের প্রতিষ্ঠা ক'রে তিনি তা'র সাহায্যের জন্ম এককালীন্ দশ হাজার টাকা দান করেছিলেন। ১৮৫৬ সালে তিনি বিভালয়গুলির তত্ত্বাবধায়ক হ'য়ে তা'র নিজের জেলা নদীয়ার নানা জায়গায় স্ত্রী শিক্ষার স্থপ্রসার জন্ম অনেক বিভালয় স্থাপন ক'রে অক্ষয় কীত্তি রেখে গেছেন।

তাঁ'র প্রণীত "স্বাস্থ্য-রক্ষা" প্রকাশিত হয় ১৮৬৩ সালে। এর পাঁচ বছর পরে ১৮৬৮ সালে তিনি "ভূ-বিছা বা প্রাকৃতিক ভূগোল" প্রণয়ণ করেন। "Notes on Hindu" গ্রন্থে বিহারের আদালতে আদালতে পার্শী ভাষার পরিবর্ত্তে কায়েথী ভাষার প্রবর্ত্তনের পরামর্শ দান করেন। এই গ্রন্থ প্রকাশিত হয় ১৮৮২ সালে। তা'রপর রিপোর্ট স্ অফ্ দি ইণ্ডিয়ান্ এডুকেশনের ক্রোড়পত্রের ন্থায় বের হয় সরকারী পত্রিকা।

১৮৮২ হ'তে ১৮৯৮ পর্যান্ত তিনি অক্লান্ত পরিশ্রমে সাধারণ শিক্ষা স্তম্ভে বার্ষিক সাধারণ বিবরণী রচনা ক'রে শিক্ষা-বিভাগের অধ্যক্ষকে বিশেষ সহায়তা করেছিলেন। গুণগ্রাহী ভারত-সরকার তাঁ'র এত পরিশ্রম ও নানা সদ্গুণের জন্ম একান্ত সন্তুষ্ট হ'য়ে তাঁ'কে ১৮৮৭ সালে "রায় বাহাহুর" উপাধি ভূষণে অলঙ্কত করেন। ভারত-সচিব মহোদয় নিজে তাঁ'র গুণগ্রামে মুগ্ধ হ'য়ে, একটা বিশেষ সভার অমুষ্ঠান ক'রে, মুক্তকণ্ঠে তাঁ'র প্রশংসা করেছিলেন এবং ১৯০১ সালে সি, আই, ই উপাধি দিয়ে তাঁ'কে সম্মানিত করেন।

বিশ্ববিত্যালয়ের তখনকার ভাইস্-চ্যানসেলার টমাস্ র্যালে সমাবর্ত্তন-সভায় বক্তৃতাপ্রসঙ্গে তাঁ'র বহুমুখী প্রতিভার অঙ্গপ্র প্রশংসা কর্তে কর্তে বলেছিলেন, "দেশের প্রাথমিক শিক্ষা-বিস্তারে রায় বাহাছর রাধিকাপ্রসন্ধের অক্লান্ত পরিশ্রমের তুলনা নেই।" অনেকদিন নানা যশের সঙ্গে দেশের লোকের লেখাপড়ার স্থবিধার জন্ম অক্লান্ত চেষ্টা ক'রে, অক্লয় কীর্ত্তি রেখে, ১৯০০ সালের ২২শে ফেব্রুয়ারী (বাংলা ১৩০৯ সালের ১০ই ফাল্পন) এই মহাপ্রাণ, মহাপুরুষ ইহধাম হ'তে তিরোহিত হয়েছেন। তাঁ'র স্থান আর পূর্ণ হ'বে কিনা কে জানে ?

(৫) স্থার রাসবিহারী ঘোষ

গ্রাম থেকেই গড়ে ওঠে সহর। সহর থেকেই বিকশিত হয় যত দেশের সৌরভময় কুসুম-সদৃশ অসামাগ্য গুণজ্ঞানসম্পন্ন মানুষ। যাঁ'র কথা বল্তে যাচ্ছি, বাংলার সেই সোনার ছেলে, স্থার রাসবিহারীর জন্ম হ'য়েছিল বাংলা-দেশের বর্জমান জেলার এক অজ্ঞাত, অখ্যাত পল্লীতে—নাম তা'র তোড়কোণা। ১৮৪৪ খৃষ্টান্দের ২৩শে ডিসেম্বর রাসবিহারীর জন্ম হয়। তাঁ'র বাবা কর্তেন বর্জমানে সামাগ্য এক রাজকর্ম্ম, মাহিনা ছিল খুব কম; তাঁ'র অবস্থা তত ভাল ছিল না স্থতরাং ছেলেকে সহরে রেখে ভাল ক'রে লেখাপড়া শিখাবার উপায় ছিল না। রাসবিহারীর বাল্যশিক্ষা স্বরু হ'ল গ্রাম্য পাঠশালায়।

প্রতিভা লুকিয়ে থাক্বার বস্তু নয়। ছোট্ট ছেলেটা যেন প্রতিভা-বিহ্যতে পরিপূর্ণ—নিভাস্ত চঞ্চল, রাত দিন খেলা নিয়েই আছে—কিন্তু কা'রও বল্বার উপায় নেই কিছু—বৃদ্ধিতে ভরা সব কথা—বালক বড় হ'তে না হ'তেই তা'র অপূর্বব প্রতিভার পরিচয়ে সকলে বিশ্মিত হ'য়ে গেল। ধাপে ধাপে উঠে, যখন তিনি দ্বিতীয় শ্রেণীতে (সেকেণ্ড ক্লাসে) উঠ্লেন তখন হ'তে সহসা তাঁ'র আভ্যন্তরীণ নব নব উদ্মেষশালিনী বৃদ্ধি-বৃদ্ধির পরিচয় সহস্রাংশুর অংশুজালের মত বিভালয় আলোকিত ক'রে তুল্ল। রাস্থ—সেই হুষ্টু রাস্থ আর তেমন নেই। স্থতীক্ষ্ণ তা'র বৃদ্ধি—অদ্ভুত তা'র স্থৃতিশক্তি। দিতীয় শ্রেণী থেকেই তিনি প্রবেশিকা পরীক্ষা দিলেন। কিন্তু কি হ'ল কে জানে—ফল তেমন ভাল হ'ল না।

মেঘারত চন্দ্রের স্থায় রাসবিহারী ত্ব'বছর কাটা'লেন প্রেসিডেন্সী কলেজে। ১৮৬২ সালে এফ, এ পরীক্ষায় তিনি দ্বিতীয় স্থানাধিকার কর্লেন; ১৮৬৬ সালে ইংরেজী সাহিত্যে এম্, এ পরীক্ষায় তিনি হলেন প্রথম। তিনি অনেক বই প'ডে অগাধ জ্ঞান সঞ্চয় কর্লেন।

১৮৬৭ সালে আইন পরীক্ষায় তিনি প্রথম হ'য়ে সোনার মেডেল লাভ কর্লেন। এরপর তিনি যোগ দিলেন হাইকোর্টে; কিন্তু প্রথমে তাঁ'র কোনই স্থবিধা হ'ল না। সারা পৃথিবীতে যিনি এককালে শ্রেষ্ঠ ব্যবহারাজীব ব'লে বিখ্যাত হয়েছিলেন তাঁ'র প্রারম্ভ জীবন এমনই হর্দ্দশাময় হয়েছিল। কিন্তু ভগবান্ অন্তুত উপায়ে তাঁ'কে বড় হবার কৌশল এনে তাঁ'র সাম্নে ধর্লেন।

সে যুগের শ্রেষ্ঠ বিচারক ছিলেন দ্বারকানাথ মিত্র মহাশয়। তাঁ'র সঙ্গে ঘটল রাসবিহারীর পরিচয়—যেন মণি-কাঞ্চন সংযোগ হ'ল।
দ্বারকানাথের উৎসাহে তিনি সর্ববাস্তঃকরণে নিজের ব্যবসায়ে যোগদান কর্লেন। ১৮৭১ সালে তিনি "অনাস্ ইন্ল" নামে ছরুহ পরীক্ষায় কৃতকার্য্য হলেন। তারপর "ঠাকুর ল লেক্চারার" হ'য়ে "ভারতে বন্দকী আইন" সম্পর্কে ধারাবাহিক বক্তৃতা দিতে থাক্লেন। এই গ্রন্থ এখনও সর্ববপ্রধান প্রামাণ্য গ্রন্থরূপে ব্যবহৃত হ'ছে।

শুভ সময় এল। লক্ষ্মী ও সরস্বতীর বিবাদ ঘূচে গেল। ছু'জনে সমভাবে কুপা বিভরণ কর্তে লাগ্লেন রাসবিহারীকে। আইন- ব্যবসায়ে অসামান্ত প্রতিপত্তির সঙ্গে অজস্র অর্থ আস্তে থাক্ল। বিচারপতিগণ ও সমব্যবসায়িগণ তাঁ'র অকাট্য যুক্তি, অগাধ ও অলৌকিক পাণ্ডিত্য দেখে মুগ্ধ হ'য়ে গেল। তাঁ'র অসামান্ত যশে দিশ্বওল মুখরিত হ'য়ে উঠ্ল। বিশ্ববিত্যালয় হ'তে তিনি ১৮৭৭ সালে राम आहेरान अतीक्क. ১৮৭৯ সালে राम राम, ১৮৮৪ সালে পেলেন 'ডক্টর অফ ল' উপাধি, তারপর হলেন সিণ্ডিকেটের সদস্য। , ,র্আইনে তাঁ'র অসাধারণ প্রতিভা সর্বত্ত ছড়িয়ে পড়্ল। তিনি কেবলমাত্র আইনে বদ্ধ না থেকে রাজনীতি-ক্ষেত্রেও নেতৃত্ব গ্রহণ করলেন। ১৮৯১ সালে ব্যবস্থাপক সভার সভ্য নির্বাচিত হলেন। এই সভার বক্তভায় সকলে তাঁ'র অসামান্ত প্রতিভায় একান্ত বিশ্মিত হ'য়ে উঠ্লেন। ১৮৯৬ সালে তিনি "দি, আই, ই" উপাধি পেলেন। গভর্ণমেণ্ট তাঁ'র গুণে মুগ্ধ হ'য়ে তাঁ'র পরামর্শ না নিয়ে কোন নৃতন আইন প্রবর্ত্তন বা পরিবর্ত্তনাদি করতেন না; ১৯০৮ সালে পুনর্গঠিত দেওয়ানী কার্যাবিধি তাঁ'রই রচিত। বঙ্গ ভঙ্গের সময় তাঁ'র প্রতিবাদও কম বিম্ময়কর নয়। দেশবাসী তাঁ'কে ত্ব' ত্ব'বার কংগ্রেসের সভাপতি পদে বরণ করেন। শিক্ষা-বিস্তারের জন্ম স্থার রাসবিহারীর দান-যজ্ঞ অতুলনীয়। বেলগাছিয়ার মেডিক্যাল্ কলেজ, স্থাশনাল্ কাউনসিল্ অফ এডুকেশন, হিন্দু বিশ্ববিত্যালয় প্রভৃতি প্রতিষ্ঠানে তিনি বহু দান করেছিলেন। এক কল্কাতা বিশ্ববিত্যালয়েই তিনি দিয়ে গেছেন একুশ লাখ টাকা। স্থবিখ্যাত সায়েন্স কলেজ তাঁ'র নাম চিরকাল ঘোষণা করবে। মুগ্ধ বিশ্ববিভালয় তাঁ'কে "ডক্টর অফ ফিলসফী" উপাধি ভূষণে অলঙ্কত করেন; গভর্ণমেন্ট "নাইট" উপাধি দান করেন।

তাঁহার তুল্য স্মরণ-শক্তিশালী ব্যবহারাজীব ক্ষচিং দৃষ্ট হয়। পক্ষ সমর্থনকালে তিনি নজীর দেখাতে পুস্তকের পত্র সংখ্যা পর্যান্ত মুখে মুখে ব'লে দিতেন। ইংরেজ গ্রন্থকারদের গ্রন্থ হ'তে অনর্গল প্রাসঙ্গিক বচন উদ্ধৃত কর্তেন।

নির্ভীক ষ্পষ্টবাদিতায়, তেজ্বস্বিতায়, দেশ ভক্তিতে, দানশীলতায় স্থার রাসবিহারী ঘোষ সত্য সত্যই সোনার বাংলার সোনার ছেলে ছিলেন। থুব কম দেশেই তেমন ছেলে জম্মে। তিনি ১৩২৭ সালের ১৫ই ফাল্কন চলে গেছেন।

(৬) ডাক্তার মহেন্দ্রলাল সরকার

ডাক্তার মহেন্দ্রলাল সরকারের কথা আজকাল অনেকেই হয় ত তত ভাল জানেন না। দরিদ্র-গৃহে জন্মে তাঁ'র উন্নতি লাভ করার কথা যখনই মনে ওঠে তখনই মহা আশ্বাস ও ভরসার সঞ্চার হয়। সে সময় মনে হয় যে বাংলা-দেশে এমন সন্তানও একদিন জন্মছিলেন বাঁ'র গৌরব ও প্রতিভার দীপ্তি মোটেই দরিদ্রতা ম্লান কর্তে পারে নি। মহেন্দ্রলাল ১৮৩৩ সালের ২রা নভেম্বর জন্ম গ্রহণ করেন। স্বর্ণের পরীক্ষা হয় অগ্নিদাহে; যখন মহেন্দ্রলালের বয়স মাত্র চার বছর তখন তাঁ'র পিতা তাঁ'দের অবস্থা আরও শোচনীয় ক'রে ইহলোক ত্যাগ করেন। দিন আর চলে না দেখে অগত্যা মা তাঁ'কে নিয়ে তাঁ'র মামার বাড়ীতে এলেন। তাঁ'র তুই মামা ছিলেন, তাঁদের অবস্থাও ভাল ছিল না। বড়টীর হৃদেয় গল্ল না—ছোটটী তব্ও ভগিনী ও ভাগিনেয়কে দিলেন আশ্রয়। মাথা গুজ্বার স্থান হ'ল বটে কিন্তু তু' বেলার আহার যোটে না। শোবার বা বস্বারও জায়গা নেই— অতি ছোট্ট কুঁড়ে ঘর, মামার ছেলে পিলেরই সঙ্কুলন হয় না। মাতুলের গরুর জন্ম মাথায় ক'রে মাঠ হ'তে বিচালি বয়ে এনে, নানা ফরমাস্ শুনে বালক মহেন্দ্রলাল অতিকষ্টে কখনও পাস্তা ভাত কখনও বা

ভুক্তাবশিষ্ট খেয়ে প্রাণ বাঁচাতে লাগ্লেন। এছাড়া আর যে উপায় ছিলু**র্না**!

শুনা যায় মহেন্দ্রলাল যখন বড় হ'য়ে
বিয়ে ক'রে প্রথম শশুর
বাড়ী গেলেন, তখন
শাশুড়ী ঠাক্রন নানা
আয়োজন ক'রে তাঁকে
দিলেন খেতে। মহেন্দ্র
লাল সেই সব খাবার
দেখে অঝোরে কাদ্তে
লাগ্লেন। ঐ দেখে
সকলে ত অবাক্। এ
আবার কি গ জামাই



মহেন্দ্রলাল সরকার

খেতে বসে কাঁদ্ছে কেন ? জিজাসা ক'রে তাঁ'রা শুন্লেন—
"আপনারা ত আমায় খেতে দিচ্ছেন এত আয়োজন ক'রে, কিন্তু
আমার মা যে কত কাল কোন ভাল জিনিষ খেতে পান নি—তা'ই
ভেবে আস্ছে আমার চোখে জল।"

এই অবস্থায় মহেন্দ্রলালের দিন কাট্ত মাতুলালয়ে। কিন্তু তব্ও মহেন্দ্রলাল মাতুলদের দয়ার কথা জীবনে এক দিনের জন্মও ভোলেন নি। বড় হ'য়ে জাঁ'দের যথেষ্ট অর্থ সাহায্য করতেন।

মহেল্রলাল কল্কাতায় এসে নিজ প্রতিভায় অবৈতনিক ছাত্ররূপে ভর্ত্তি হ'লেন হেয়ার স্কুলে। জুনিয়ার, সিনিয়ার পরীক্ষায় রতি পেয়ে তিনি হিন্দু কলেজে ভর্ত্তি হন। তারপর মেডিকেল কলেজে প্রবেশ ক'রে তাঁ'র অসাধারণ ধীশক্তির পরিচয় দিতে থাছেন। তাঁ'র আশ্চর্য্য প্রতিভার বহু কথা শুনা যায়, সমপাঠীদের অপেক্ষা অনেক বেশী তিনি জান্তেন, এমন কি, অধ্যাপকেরাও যা' জান্তেন না তিনি তা' অনায়াসে বলে দিতেন।

দ্বিতীয় বার্ষিক শ্রেণীতে পড়্বার সময় ডাক্তার আর্চার চতুর্থ বার্ষিক শ্রেণীর একটা ছাত্রকে চক্ষুরোগ সম্পর্কে একটা প্রশ্ন কর্লে সে ক্লাশের সকলে যখন পার্লে না তখন ঘটনাক্রমে অন্ত কক্ষে দণ্ডায়মান মহেন্দ্রলাল, সে প্রশ্নের উত্তর দিলেন। সাহেব ত অবাক! দিতীয় শ্রেণীর ছাত্র এ হ্রেছ প্রশ্নের উত্তর দিলে কি ক'রে। সাহেব তাঁ'কে ডেকে কাছে এনে জিজ্ঞাসা কর্লেন, "তুমি এই উত্তর জান্লে কি ক'রে।" মহেন্দ্রলাল অতি বিনীতভাবে বল্লেন, "স্থার, আমি নিজে পড়েছি।" সেই হ'তে তাঁ'র কথা সর্বত্র ছড়িয়ে পড়্ল।

আর একবার একজন পরীক্ষক মহেন্দ্রলালের একটা প্রশ্নের উত্তর
ভূল মনে ক'রে নম্বর দেননি কিন্তু পরে তাঁ'রই (পরীক্ষকের)ভূল
জেনে বিষম লজ্জিত হয়েছিলেন। মহেন্দ্রলালের পাঠে অমুরক্তির
সীমা ছিল না। সকল প্রকার নৃতন পুস্তক, পত্রিকা, আবিষ্কার
সংবাদ তিনি সংগ্রহ ক'রে পাঠ কর্তেন—সকল বিজ্ঞান শাস্তের

অহর্নিশ চর্চ্চা কর্তেন। বিজ্ঞান-চর্চ্চা ছাড়া দেশের উন্নতি অসম্ভব ভেবে তিনি বিজ্ঞান সভা স্থাপন করেছিলেন। কত সময় ও অর্থ যে এতে তাঁ'র ব্যয় হ'ত তা'র ঠিক ছিল না। শুধু বিজ্ঞান নয়—সাহিত্যেও তাঁ'র অগাধ পাণ্ডিত্য ছিল। মহেন্দ্রলালের বাড়ীর লাইবেরী স্বরহৎ ছিল। স্ক্রাবস্থায় রাত্রি ১টা এবং অস্ক্রাবস্থায় রাত্রি ১১টা অবধি তাঁ'র পাঠের বিরাম ছিল না। জহুরীর স্থায় খুঁজুইতন তিনি রত্ব—ডুবুরীর স্থায় ডুবে তুল্তেন মণি-মাণিক্য।

তিনি যেমন অগাধ জ্ঞানী ছিলেন অন্তদিকে তেমনই নিৰ্ভীকতা, পরোপকারিতা, দয়া প্রভৃতি মহদগুণে অলঙ্কত ছিলেন। তাঁ'র উদারতার সীমা ছিল না। তিনি অসাধারণ কুতিত্বের সঙ্গে মেডিকেল কলেজ হ'তে এলোপ্যাথিক ডিপ্লোমা নিয়ে বের হয়েছিলেন। তথনকার শ্রেষ্ঠ এলোপ্যাথিকের মধ্যে তিনি ছিলেন অম্মতম। এসময় সম্মান, প্রতিষ্ঠা ও অর্থের অভাব তাঁ'র ছিল না। কিন্তু এক আশ্চর্যা ঘটনায় সব যেন বিপর্যান্ত হ'য়ে গেল। তাঁ'র অসাধারণ মনস্বিতার কথা স্মরণ ক'রে তখনকার কোন হোমিওপ্যাথ তাঁকে দেন একখানি হোমিওপ্যাথী পুস্তক সমালোচনা কর্তে। তিনি পুস্তকখানি পড়তে পড়তে হোমিওপ্যাথীর বিশেষত্ব সমাক প্রকারে উপলব্ধি ক'রে এক প্রকাশ্য সভায় এলোপ্যাথী অপেকা হোমিওপ্যাথীর সমধিক বৈজ্ঞা-নিকতা প্রমাণ ক'রে এক অকাট্য যুক্তিপূর্ণ সার গর্ভ প্রবন্ধ পাঠ করেন। তাঁ'র সহযোগিগণ তাঁ'র উপর এজগ্য অত্যস্ত বিরক্ত হ'য়ে উঠেন ও নানা ভাবে তাঁ'র অপকারে বন্ধপরিকর হন। কিন্তু কিছুতেই মহেন্দ্রলালের মতের বৈলক্ষণ্য ঘটে না। তিনি দীর্ঘকালের অভ্যস্ত ও প্রভূত অর্থপ্রদ এলোপাাথী চিকিৎসা প্রণালী ত্যাগ ক'রে হোমিওপাাথী চিকিৎসা

ব্রতে ব্রতী হন। এতে যথেষ্ট নিগ্রহ, অর্থ কুচ্ছুতা ঘট্লেও তিনি সে সকলে ভ্রুক্তেপ করেন নি।

শৈশবে দারিজ্যের সজ্মর্যে মাসুষ হ'য়ে দারিজ্যের যাতনা তিনি থুব ভাল ভাবেই বুঝ্তেন। তিনি নিয়ত সহামুভূতি ও আন্তরিক দয়ায় দরিজ্বের ত্বংখ মোচন কর্তেন। লোকহিতকর সর্ববিধ প্রচেষ্টায় তিনি আজীবন অগ্রণী ছিলেন। তিনি বৈছনাথ-ধামে মহারোগ-গ্রস্তদের জন্ম একটা বাড়ী প্রস্তুত করিয়ে দিয়েছিলেন।

নামকরা, প্রত্যক্ষবাদী বৈজ্ঞানিক হ'য়েও তাঁ'র হৃদয়ে অপরিসীম ধর্মভাব ছিল। ভগবানের উপর তাঁর অগাধ আস্থা ও ভক্তি ছিল। তাঁ'র রচিত বহু ভক্তি সঙ্গীত অতি স্থানর। বিজ্ঞান চর্চার মধ্যেও তিনি ভগবং প্রেমে স্বাগ্রত ছিলেন। ১৯০৪ সালের ২৩শে জানুয়ারী মহেন্দ্রলাল লোকাস্তরিত হন।

জ্ঞানে, গুণে, হৃদয়ের মহত্ত্বে এমন সোনার ছেলে বাংলা-দেশে জন্মছে অতি অল্প। তাঁ'র বউবাজারের বিজ্ঞান-সভা এখনও তাঁ'র সমুজ্জল কীর্ত্তি ঘোষণা কর্ছে। তাঁ'র মধ্য-কল্কাতার গৃহ এবং তাঁ'র নামের রাস্তা এখনও তাঁ'কে মনে করিয়ে দের। কত বিপন্ন রোগার্ত্ত যে তাঁ'র করুণায় জীবন পেয়েছে তাঁ'র অবধি নেই।

(গ) দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ

দেশের যখন বড় ছর্দ্দশা—দেশবাসীর মনে যখন বড় বেদনা—সেই সময়ে, ভারতের রাজনীতি-ক্ষেত্রে দেশবন্ধু চিত্তরঞ্জনের হয়েছিল আবির্ভাব। রাজা রামমোহন, বিভাসাগর, রামকৃষ্ণদেব, স্বামী বিকিবকানন্দ, গোখেল, তিলক প্রভৃতি যুগাবতারগণ জাতির এমনই অধঃপতনের যুগ-সন্ধিক্ষণে এসেছিলেন। এক একজনের ছিল এক এক কাষ। তা'রা নিজেদের পথে জাতির ভাগ্য পরিবর্ত্তন কর্বার চেষ্টা ক'রে গেছেন। বজুকণ্ঠে আহ্বান ক'রে, ভীরুকে করেছেন সাহসী, অলসকে করেছেন কর্মনিষ্ঠ, অসম্ভবকে করেছেন সম্ভব। ম্যাসিনী,

গ্যারিবল্ডি, কা ভুর, ওয়াসিংটন্ প্রভৃতি মহাপুরুষগণও স্বজাতির এমনই ছদ্দিনে—এমনই যুগ-সন্ধিক্ষণে আবিভূতি হয়েছিলেন। ভারতের তুদ্দিশা অ মানি শার ঘনান্ধকারে ভারতবাসী যখন নিরাশায় অবসর তখন এসেছিলেন চি ত্ত র ঞ্জ ন--তাঁ'দের চিত্তরঞ্জন করতে। চার শ'বছরেরও আগে বাং লার নি ভূতে ঞ্জী কৈ ও গ্ৰামন



দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ

তাঁ'র মৃদক্ষ ও করতাল-ধ্বনির সঙ্গে সঙ্গে মধুর হ'তেও মধুর হরিনামের বক্যায় অজ্ঞয়ের তটপ্রাস্ত হ'তে মণিপুরের বনান্তরাল অবধি ভাসিয়ে দিয়েছিলেন, তেমনই বাংলার রাজনৈতিক মরা-গাঙ্গে প্রেমের মহিমার বক্যায় দেশবন্ধু চিত্তরঞ্জন সমগ্র বালালী জাতিকে ভাসিয়ে দিয়েছিলেন। চিত্তরঞ্জনের বিরাট ত্যাগের স্বরূপ দেখে বাঙ্গালী ভব্জি, শ্রুদ্ধা, প্রীতি ও সম্ভ্রমভরে এবং নতমস্তকে সেই ত্যাগী, সেই প্রেমিক, সেই মহামূভব মহাত্মা চিত্তরঞ্জনকে অঞ্জলি ভরে অর্ঘ্য দিয়েছিল। বাঙ্গালীর শ্রেষ্ঠ কবি তাঁ'র মৃত্যুতে শোক ক'রে গেয়েছিলেন—

> "এনেছিলে সাথে ক'রে মৃত্যুহীন প্রাণ মরণে তাহাই তুমি ক'রে গেলে দান।"

চিত্তরঞ্জন ১৮৭০ সালের ৫ই নভেম্বর কল্কাতায় ্ভূমিষ্ঠ হন। তাঁ'র পৈতৃক নিবাস ঢাকার অন্তর্গত বিক্রমপুরের তেলিরবাগ গ্রামে। সভতা ও উদারতার জন্ম তাঁ'দের বংশের খ্যাতি চির-বিশ্রুত ছিল। পিতা ভুবনমোহন দাশ ছিলেন এটগাঁ।

১৮৯৩ সালে চিত্তরঞ্জন কল্কাতায় ব্যারিষ্টারী আরম্ভ করেন। তাঁর পিতা ভ্বনমোহন দাশ মহাশয়ের দানের ছিল না শেষ। যথেষ্ট উপার্জ্জন কর্লেও দানের জন্যই তাঁর অনেক ঋণ হয়। ঋণ এত বেশী হয় যে তিনি শেষে দেউলিয়ার খাতায় নাম লেখাতে বাধ্য হন। তাঁরপর তাঁর তিরোভাব ঘটে; পিতার ঋণ শোধ কর্তে পুত্র চিত্তরঞ্জন হ'য়ে পড়্লেন ব্যস্ত। দেউলিয়ার খাতায় নাম লেখালে পাওনা-দারদের টাকা না দিলেও চলে। ঋণের পরিমাণ ছিল ৬৭০০০ টাকা। বিচারপতি ফ্লেচার সাহেব ঋণের পরিমাণ ও ঐ সমস্ত পরিশোধের জন্য চিত্তরঞ্জনের আগ্রহ দেখে আশ্চর্য্য হ'য়ে বলেছিলেন, "দেউলিয়ার খাতায় নাম লিখিয়ে ঋণ শোধ করে এমন দৃষ্টাম্ত পৃথিবীর ইতিহাসে আমি আর শুনি-নি।"

১৯০৮ খৃষ্টাব্দে আলিপুর বোমার মামলায় ঞ্রীঅরবিন্দের পক্ষ সমর্থন ক'রেই চিত্তরঞ্জনের যশ চারদিকে ছড়িয়ে পড়ে। এই মামলায়

তিনি এক কপদিকও গ্রহণ করেননি। দেশবাসী তাঁ'র ত্যাগ ও প্রতিভায় মুগ্ধ হ'য়ে তাঁ'কে নানাভাবে লক্ষ লক্ষ টাকা দিবার ব্যবস্থা করলেন। চারদিকে তাঁ'র ডাক পড়তে লাগল। বড় মামলায় ব্যারিষ্টাররূপে তিনিই নির্বাচিত হ'তে লাগ্লেন। হাজার টাকার কম কোন পক্ষের ব্যারিষ্টাররূপে দাডাতেন না কলকাতায়—মফস্বলে তিনি আরও বেশী নিতেন। চিত্তরঞ্জন পিতার স্থায়ই দাতা ছিলেন। ব্যারিষ্টারী ক'রে অজ্ঞ অর্থ আসতে লাগ্ল বটে কিন্তু সঞ্চয় করবার মত লোক তিনি ছিলেন না। কত দরিত্র ও অনাথা বিধবা, দরিদ্র গ্রন্থকার, কন্সাদায়গ্রস্তকে যে তিনি সাহায্য করেছেন তা'র ইয়তা নেই। ঐ সময়ে তাঁ'র মত জনপ্রিয় ব্যারিষ্টার थुव कमरे हिल्लन। लाकरक कानिएय जिनि नान कराउन ना। ময়মনসিংহের এক মোকদ্দমায় তিনি গেলে. সেখানে এক ব্রাহ্মণ এসে বললেন, "ছেলের উপনয়ন হ'চ্ছে না টাকার অভাবে।" চিত্তরঞ্জন জিজ্ঞাসা করলেন, "কত টাকার দরকার ?" তিনি বললেন, "পাঁচ শ' টাকা"। দেশবন্ধ তৎক্ষণাৎ ঐ টাকার একখানি চেক্ দিয়ে क्रिलाम ।

তাঁ'র দানের কথা গল্পের মত। ডাক্তারকে খামের মধ্যে বহু টাকার চেক্ দান, ২৫,০০০ টাকা দিয়ে ভদ্রলোকের পৈতৃক বাসভূমি রক্ষা, কাউকে মাসিক ১৫০, কাউকে ৭৫, কাউকে ২৫০, কাউকে ৫০০, —এমন কত যে তাঁ'র নিয়মিত দান ছিল তা'র ঠিক ঠিকানা নেই। নবযুগের বিজয়বাবু লিখেছেন, "১৯১১ কি ১২ সাল প্রাত্যকাল, সম্ভবতঃ শনিবার, একঘর লোক, চুরটের ধোঁয়ায়, হাস্ত কলরবে সর গরম, এই সময়ে ছিন্ন জীর্ণ বসন পরিহিত এক কৃশকায়

বালক নগ্নপদে অতি সম্ভর্পনে কক্ষ অস্তরাল দিয়া ঢুকিল। চিত্তরঞ্জনের প্রফুল্ল উজ্জল দৃষ্টি তৎক্ষণাৎ সেইদিকে পাড়ল। চিত্তরঞ্জন ডাকিলেন 'কি হে ছোকরা ? এদিকে এস।' বালকের পিছনে, দরজার আডালে আসিয়া যে একখানি শীর্ণকায়া বিধবার হস্ত বালককে ধরিয়াছিল তা' দেখা গেল। চিত্তরঞ্জনের ডাকে সে সেই হাত ছাডাইয়া অতি ভয়ে ভয়ে কম্পিত পদে অগ্রসর হইল। চিত্তরঞ্জন আবার অতি কোমলকণ্ঠে জিজ্ঞাসা করিলেন, 'কি চাও বল ?' তবু বালক ভয়ে কথা কহিতে পারিতেছিল না; দাড়াইয়া দাঁড়াইয়া শুধু কাঁপিতেছিল। দেশবন্ধু আবার জিজ্ঞাসা করিলেন, 'ভয় কি বল ?' এবার বালক ধীরে ধীরে বলিল, 'আমার মা ওখানে দাঁডিয়ে আছেন, আমার বোনের বিয়ে' এটুকু বলিয়াই সে আর বলিতে পারিল না, তিনি শেষ পর্যান্ত আর শুনিতেও চাহিলেন না—জিজ্ঞাসা করিলেন কত টাকার জন্ম আট্কেছে বল ? বালক ভয়ে ভয়ে বলিল 'একশ টাকা' চিত্তরঞ্জন এক টুকরা কাগজে কি লিথিয়া, ভাঁজ করিয়া, একজনকে ডাকিয়া সেটি দিলেন। বালককে বলিলেন, 'ওর সঙ্গে যাও।' ঘরে যাঁরা বসিয়া ছিলেন সকলেই ভাবিতে লাগিলেন কত দিলেন. কিন্তু কেহ জিজ্ঞাস। করিতে পারিলেন না, সকলেই চুপ্চাপ্। একটু পরে একজন ব্যারিষ্টার সবে একটি কথা বলিতে আরম্ভ করিয়াছেন এমি সময়ে সেই বালকটি একখানি একশ টাকার নোট্ হাতে আবার আসিয়া দাঁড়াইয়া বলিতে গেল 'মা বল্লেন'—চিত্তরঞ্জন স্থেহমধুরস্বরে উত্তর দিলেন, 'হয়েছে, হয়েছে, তোমার বোনের বিয়ে হ'য়ে গেলে আমাকে বলে যেও, এখন এস।' তাঁর কাছে সংকারের জ্ঞ সাহাষ্য চাইলে কেউ কখনও বিমুখ হন্ নি।"

ভবানীপুর অনাথ আশ্রম, ১৯১৯ সালের ত্রভিক্ষে ১০,০০০ টাকা, চাঁদপুরের কুলীদের জন্ম, ভূবনমোহন হলের জন্ম, নিজগ্রামে বিভালয়, ়পুকুর প্রভৃতির জন্ম তাঁ'র অঞ্জস্র অর্থ দান বিশেষ প্রসিদ্ধ। এগুলি ছাড়াও সাহিত্য সম্মিলনীতে, সমাজপতির ও স্বভাব কবি গোবিন্দদাসের ঋণ শোধ করে দেওয়া, রসা রোডের বাড়ী, কোন এক বিশিষ্ট ভদ্রলোককে ব্যাঙ্কের হিসাবে টাকা না থাকা সত্ত্তে হাওলাত ক'রে ২৭,২৫০ টাকা দেওয়া—এই সকল দান স্মরণ কর্লে যুগপৎ হর্ষ ও বিস্ময়ে হাদয় একান্ত অভিভূত হ'য়ে পড়ে। দান সম্বন্ধে জিজ্ঞাস। কর্লে তিনি বল্তেন, "দেখ আমি যখন দান করি তখন এ কথা আমার মনেও হয় না যে আমি অন্য কাউকে দিচ্ছি। আমার মনে হয়. এ যেন আমি নিজের কাছেই নিজে টাকা রাখ্ছি। ভগবান যেন আমার ভিতর দিয়ে এই দান করিয়ে নিচ্ছেন।" দেশবন্ধুর কাছে সত্যি সত্যি আত্ম-পর ভেদ জ্ঞান ছিল না, তা'ই তিনি এমনভাবে সর্ববন্ধ বিলিয়ে দিয়ে যেতে পেরেছেন।

অশুভ ১৯২৫ সালের ১৫ই জুন এল। হঠাৎ তাঁর সামাগ্র ছর হ'ল। তিনি তথন দার্জ্জিলিংয়ে; পরদিন ১১টার সময় অবস্থা সকট-জনক হ'য়ে উঠ্ল। ১৬ই জুন অপরাহ্ন ৫টার সময় সারা বাংলায় ক্রন্দন-রোল তুলে দার্জ্জিলিংয়ের ষ্টেপ্ এসাইড্ গৃহে তাঁর তিরোভাব ঘট্ল। রইলেন তাঁর প্রিয়তমা পত্নী বাসস্থী দেবী, একমাত্র পুত্র চিররঞ্জন, ত্ব'ক্সা অপর্ণা ও কল্যাণী দেবী, একমাত্র প্রাটনা হাইকোর্টের জজ্ শ্রীযুক্ত প্রফ্লরঞ্জন দাশ (Mr. P. R. Das)। শেষে পুত্র চিররঞ্জনও তাঁর কাছে চলে গেছে।

(৮) রায় বাহাত্র **চারুচন্দ্র মুখোপাধ্যায়**

১৮৮২ সালের ১৮ই নভেম্বর প্রেসিডেন্সী বিভাগের ভৃতপূর্বর ইন্ম্পেক্টার অফ্ স্কুল্স স্বর্গীয় রায় বাহাছর রাধিকাপ্রসন্ন মুখোপাধ্যায় সি, আই, ই মহোদয়ের পুত্ররূপে, রায় চারুচন্দ্র মুখোপাধ্যায় ও, বি, ই বাহাছরের জন্ম হয়।

পিতা নিজে স্থানিকিত ও শিক্ষাব্রতী স্থতরাং পুত্রের স্থাক্ষার জন্য তাঁ'র ব্যপ্রতা অতি স্বাভাবিক। পুত্র পাঁচ বংসরে পদার্পণ কর্তেনা কর্তেই তাঁ'কে তিনি বিভালয়ে প্রবিষ্ট করালেন। বালক অসাধারণ মেধা বলে প্রতি বংসর উত্তীর্ণ হ'য়ে অবশেষে কল্কাতার হিন্দু স্থূল হ'তে এন্ট্রান্স পরীক্ষায়ও উত্তীর্ণ হলেন। ইংরেজী ভাষায় তাঁ'র আশৈশব অসামান্য ব্যুৎপত্তি দেখা গিয়েছিল। এজন্য তাঁ'র শিক্ষকগণ ও সমপাঠীবৃন্দ তাঁ'র নিয়ত প্রশাংসা কর্তেন।

ক্রমে প্রেসিডেন্সী কলেজ হ'তে বি, এ পরীক্ষায় উত্তীর্ণ হ'য়ে তিনি এম, এ ও ল পড়তে লাগ্লেন। এমন সময় তাঁ'র পিতৃদেবের চেষ্টায় তিনি ডেপুটী ম্যাজিফ্রেটের পদ লাভ কর্লেন। তথন তাঁ'র বয়স মাত্র কৃড়ি বংসর। এত অল্প বয়সে কেউ এ পদ পায় নি।

আশৈশব তিনি শুধু বিচার্জনে ব্যাপৃত না থেকে স্বাস্থ্যের দিকেও সবিশেষ লক্ষ্য রেখেছিলেন। নানাবিধ স্বাস্থ্যজনক শারীরিক ব্যায়াম, ফুট্বল, ক্রিকেট. টেনিস্, হকি প্রভৃতি ক্রীড়ায় ক্লাঁর আগ্রহের অবধি ছিল না। মনকে সতেজ ও প্রফুল্ল রাখ্বার জন্য প্রতিনিয়ত তিনি চেষ্টা কর্তেন। গুরুদায়িত্বপূর্ণ রাজকার্য্যেও অনলসভাবে পরিশ্রম ক'রে—সর্বাদা ধর্মাধর্মে দৃষ্টি রেখে—স্থায়পথে, নিরপেক্ষভাবে আদর্শ বিদারক ব'লে অশেষ

খ্যাতি অর্জন করতে লাগুলেন। অনেক বড বড়া জটিল মোকদ্দমায় তাঁ'র ত্যায়-বিতার ও সূক্ষ-দ শি তার প্রমাণ জাজ্জলামান হ'য়ে উঠ্ল। বাদী প্রতি-বাদীদের অত্যাচার, অনাচার তিনি কদাচ সহ্য করতেন না। অ গায়ের প্রায় দেওয়ার তিনি ঘোরতর বি রো ধী ছিলেন ব'লে অনেক সময় তাঁ'র উন্নতির



চাকচন্দ্র মুখোপাধ্যয়

অন্তরায় হয়েছে। তিনি সে সকলে মোর্টেই জ্রাক্ষেপ করেন নি। এই রকমের নির্ভীকতা ও ত্যাগ স্বীকারের জন্ম তাঁ'র অধীন ও সহকর্ম্মিগণ তাঁ'কে চিরকাল আন্তরিক শ্রদ্ধা ও সম্মান কর্তেন। তিনি অপরাধীর পদ, জাতি বা ধনগোরব বিবেচনা ক'রে বিচার কর্তেন না। শ্বেতাঙ্গ, কৃষ্ণাঙ্গ, ধনী, নির্ধন যে কেউ হ'ক্ না কেন, অপরাধ প্রমাণিত হ'লে তা'র উপযুক্ত শান্তিবিধানে তিনি বিন্দুমাত্র ইতস্ততঃ বোধ করেন নি।

প্রায় নয় বছর বাংলা-দেশে ফ্রায় বিচার পরিচালনা ক'রে,
আশেষ যশোভাজন হ'য়ে তিনি বিহার প্রদেশে ম্যাজিষ্ট্রেট,
কালেক্টার ও অবশেষে ডিভিসনাল্ কমিশনার পদে উন্নীত হন।
তাঁ'র মত অত অল্প বয়সে আজ পর্যাস্ত অক্য কেউ ডিভিসনাল্
অফিসার, জিলা ম্যাজিষ্ট্রেট্, সেক্রেটারী বোর্ড অফ্ রেভিন্টি
হ'তে পারেন নি। একমাত্র তিনিই বিহার প্রদেশের ডিপুটি
ম্যাজিষ্ট্রেট্, হ'তে কমিশনার পদ লাভে সমর্থ হয়েছেন।

সুদীর্ঘ পঁয়ত্রিশ বংসর কাল অশেষ প্রশংসা ও অনম্য-সাধারণ কৃতিছের সঙ্গে বিশেষ দায়িত্বপূর্ণ রাজকার্য্য পরিচালনা ক'রে বিগত ১৯৩৭ সালে ১লা মার্চ্চ তারিখে তিনি বিহারের ভাগলপুরের বিভাগীয় কমিশনারী কর্তে কর্তেই অবসর গ্রহণ করেছেন। গভর্ণমেন্ট্ তাঁ'র অসামাম্য কৃতিছ ও বিবিধ সদ্গুণে মুগ্ধ হ'য়ে তাঁ'কে যুগপৎ রায় বাহাত্বর এবং ও, বি, ই উপাধি-ভূষণে অলক্ষ্ত করেছেন।

(১) হাজি মোহন্মদ মোহসেন

ইংরেজী ১৭৩৫ খৃষ্টাব্দে হুগলী নগরে হাজি ফয়জুল্লা নামক একজন মহা গুণবান্ ও রূপবান্ ইস্পাহানী মোসলমানের পুত্ররূপে হাজি মোহম্মদ মোহসেনের জন্ম হয়। আগা মোতাহার নামে একজন সন্ত্রাস্ত ইস্পাহানী ধনী হাজি ফয়জুলা সাহেবের মাতৃল ছিলেন। তাঁর এক মেয়ে হয়, তাঁর নাম ছিল মন্ত্রুজান খানমের বয়স যখন দল বংসর তখন তাঁর পিতার

মৃত্যু হয় এবং মৃত্যুর সময়ে পিতার সমস্ত সম্পত্তি পিতা তাঁ'কে দিয়ে যান। তাঁ'র মায়ের সঙ্গে হাজি ফয়জুল্লার বিয়ে হয়। এই বিয়ের শুভফল হ'চ্ছে হাজি মোহম্মদ মোহসেন। মামাতো

ভগ্নী হ'লেও মন্নুজান খানম মোহম্মদ মোহসেনকে অত্যস্ত ভালবাস্তেন। হ'জনে একত্র
আগা সিরাজি নামে
একই শিক্ষকের কাছে
লেখাপড়া শিখেছিলেন।
ছোটবেলা থেকে মোহম্মদ
মোহসেন অত্যস্ত ধার্ম্মিক
ও উদাসীন প্রকৃতির
লোক ছিলেন; হজ
কর্তে মকা মদিনায়
গিয়ে সেখান হ'তে ফিরে
এসে তাঁ'র এই ভাব




হাজি মোহম্মদ মোহসেন

অত্যন্ত বৃদ্ধি পায়। ইতিমধ্যে আগা মোতাহার সাহেবের ভ্রাতৃষ্পুত্র মির্জ্জা সালেহ্-উদ্দীনের সঙ্গে মন্ধুজানের বিয়ে হয়। সালেহ্-উদ্দীন হুগলীর ফৌজদার, পারস্থ ভাষায় মহাপণ্ডিত ও স্কবি এবং অত্যন্ত ধনী ছিলেন। ১৭৫৪ সালে সালেহ্-উদ্দিনের মৃত্যু হয়। ভগিনী মন্ধুজান বিধবা হ'য়ে রিশ্বুল সম্পত্তির অধিকারিনী হন। ১৮০৩ খৃষ্টাব্দে মন্ধুজানের মৃত্যু হয় এবং তিনি সমস্ত সম্পত্তি মোহসেনকে দিয়ে যান। ভগিনীর সম্পত্তির তত্ত্বাবধায়ক ত্যাগী পুরুষ মোহসেন এইবার মুক্তহস্তে দান কর্তে লাগ্লেন। তাঁর মত দানশীল লোক অতি বিরল। ১৮০৫ খৃষ্টাব্দে তিনি এক দানপত্র ক'রে তাঁ'র সমস্ত সম্পত্তি পরের মঙ্গলের জন্ম দান করেন। নিজে কোরাণ লিখে বিক্রয় করতেন, নিজে জামা সেলাই ক'রে গায়ে দিতেন। কথনও কোন ভোগবিলাস তিনি করেন নি। তাঁ'রই অর্থে হুগলীর স্প্রাসিদ্ধ অতিথিশালা ইমামবাড়া, হুগলীর কলেজ, শত শত স্কুল গড়ে উঠেছে। স্বর্গীয় বঙ্কিমচন্দ্র, জাষ্টিস্ আমির আলি, অক্ষয় চন্দ্র সরকার প্রভৃতি বঙ্গ-রত্বগণ তাঁ'রই কলেজের ছাত্র। পরোপকারের জন্মই এই মহামানবের জন্ম হয়েছিল। রাত্রে গোপনে কত যে দরিদ্রের ঘরে তিনি সাহায্য পাঠিয়ে দিয়েছেন তা'র ইয়ন্তা নাই।

(১০) লর্ড সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ

বাঙ্গালীর মুক্টমণি হ'চ্ছেন এই লর্ড সিংহ। বীরভূম জেলার রায়পুর গ্রামে ১৮৬৩ সালের ২৪শে মার্চ্চ এর জন্ম হয়। প্রেসিডেন্সী কলেজ হ'তে এফ, এ পরীক্ষায় উত্তীর্ণ হ'য়ে আইন পড়তে যান ইংল্যাণ্ডে। সেখানে কৃতিছের জন্ম ৫৫০ গিনি পারিতোষিক তিনি পান। ১৮৬৫ সালে পরীক্ষায় উত্তীর্ণ হ'য়ে তিনি কল্কাতা হাইকোর্টে ব্যারেস্টারী আরম্ভ করেন। ১৯০৬ সালে স্ট্যাণ্ডিং কাউন্সেল্ ও হ' বছর পরে হন এড্ভোকেট্ জ্বোরেল। পরে তিনিই (প্রথম ভারতবাসী) ভারত গভর্ণমেন্টের কার্য্যকরী সমিতির রাবস্থা সচিব [Law Minister, Viceroy's Council] হন। ইং ১৯১৪ সালের মহাযুদ্ধের সময় বিলাতের সামরিক মন্ত্রণা-সভায়

তিনি একজন সদস্য হন। প্রথম ভারতবাসী হিসাবে লর্ড সত্যেক্দ্রপ্রসন্ধ সিংহই আগুার সেক্রেটারী টু দি ষ্টেট্স অব ইণ্ডিয়া পদ প্রাপ্ত হন।



লর্ড সত্যেক্সপ্রসন্ন সিংহ

ইং ১৯১৪ সালের মহাযুদ্ধের পর শান্তি বৈঠকে সত্যেক্সপ্রসন্ন ভারত সরকারের প্রতিনিধি হ'য়ে যান। এর পর তিনি লর্ড উপাধিতে ভূষিত হন এবং সহকারী ভারত সচিবরূপে পার্লামেন্ট মহাসভাঃ
আসন গ্রহণ করেন। প্রথম বাঙ্গালী লর্ড হ'চ্ছেন এই লর্ড সিংহ
মন্টেগু চেমস্ ফোর্ড প্রবর্ত্তিত সংস্কারের পর তিনি বিহা
ও উড়িয়ার গভর্ণর নিযুক্ত হন। বাঙ্গালী ও ভারতীয় হিসাবে
তিনিই প্রথম গভর্ণর হন। এক বংসর পরে স্বাস্থ্য ভগ্ন হওয়া
তিনি ঐ কর্ম ত্যাগ করেন। ইতিমধ্যে নাইট ও ভারতীয় মহাসভ
কংগ্রেসের সভাপতি হয়েছিলেন।

